পাঞ্জেরী

# DIGITAL QUESTION BANK

সৃজনশীল

## সমাজবিজ্ঞান: প্রথম পত্র

### সূচিপত্র


| বিষয়বস্তু | পৃষ্ঠা নম্বর |
|---|---|
| সাজেশনভিত্তিক এক্সক্লুসিভ মডেল: সৃজনশীল | ০২ |
| সাজেশনভিত্তিক এক্সক্লুসিভ মডেল: বহুনির্বাচনি | ০৫ |
| বোর্ড পরীক্ষার প্রশ্ন | ০৮ |
| শীর্ষস্থানীয় কলেজসমূহের প্রশ্নপত্র: সৃজনশীল | ১৬ |
| শীর্ষস্থানীয় কলেজসমূহের প্রশ্নপত্র: বহুনির্বাচনি | ৩১ |

# সাজেশনভিত্তিক এক্সক্লুসিভ মডেল: বহুনির্বাচনি

## সকল বোর্ড

**সেট-১**

**সমাজবিজ্ঞান প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা**

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: | ১ | ১ | ৭ |

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. চার্লস ডারউইন কত শতকে জীবজগৎ সম্পর্কিত বিবর্তনবাদী তত্ত্ব তুলে ধরেন?
ক সপ্তদশ খ অষ্টাদশ
গ ঊনবিংশ ঘ বিংশ

২. 'উৎপাদন যন্ত্রের সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন শ্রেণিসমূহের মধ্যে দ্বন্দ্বের ফলে সমাজ পরিবর্তিত হতে পারে' মতটি কার?
ক ডেভিস এর খ মার্কস এর
গ ওয়েবার এর ঘ প্যারেটোর

৩. *Anomic Theory*– এর প্রবক্তা কে?
ক এমিল ডুর্খেইম খ ফেডিক্স পোপেনো
গ ডাহরেনডর্ফ ঘ কার্ল মার্কস

৪. স্পেন্সার প্রত্যেকটি সমাজকে কীসের সাথে তুলনা করেছেন?
ক জীবদেহের সাথে খ উদ্ভিদের সাথে
গ জড়বস্তুর সাথে ঘ পরিবেশের সাথে

৫. 'আমরা যা তাই আমাদের সংস্কৃতি'— উক্তিটি কে করেছেন?
ক ম্যাকাইভার খ ই বি টেইলর
গ কার্ল মার্কস ঘ হার্বার্ট স্পেনসার

৬. কাকে সমাজবিজ্ঞানের জনক বলা হয়?
ক ইবনে খালদুন খ অগাস্ট কোঁৎ
গ কার্ল মার্কস ঘ ডুর্খেইম

৭. সমাজসম্পর্কিত বস্তুনিষ্ঠ পাঠ বা বিশ্লেষণকে কী বলে?
ক রাজনীতি বিজ্ঞান খ সমাজবিজ্ঞান
গ রাজনৈতিক সমাজবিজ্ঞান
ঘ নৃবিজ্ঞান

৮. সামাজিক পরিবর্তন বলতে বোঝায়—
i. সমাজ কাঠামোর পরিবর্তন
ii. অর্থনৈতিক পরিবর্তন
iii. রাজনৈতিক পরিবর্তন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৯. নিচের যেটি অপরাধ সংগঠনের ভৌগোলিক উপাদান—
i. গহিন অরণ্য
ii. পাহাড়-পর্বত iii. বিশাল সমুদ্র
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১০. সমাজতান্ত্রিক অর্থব্যবস্থায় রাষ্ট্র সিদ্ধান্ত নেয়—
i. উৎপাদনের পরিমাণের ব্যাপারে
ii. কী উৎপাদন করতে হবে
iii. কার জন্য উৎপাদন করতে হবে
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১১. বর্ণবাদী নৃবিজ্ঞানীদের মতে, উৎকৃষ্ট নৃগোষ্ঠীর লোকেরা—
i. সংস্কৃতি ও সভ্যতার ধারক-বাহক
ii. উৎকৃষ্ট শাসক ও নেতা
iii. সুদর্শন ও শান্তিপ্রিয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১২. তথ্যপ্রযুক্তির বিস্ময়কর উন্নতি ঘটেছে—
i. কম্পিউটারের সহায়তায়
ii. টেলিভিশনের সহায়তায়
iii. সাবমেরিন ক্যাবলের সহায়তায়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও:

শোয়েবের বাবা-মা তাকে খুব স্নেহ ও যত্ন করেন। সে তার ছোট ভাই ও পাড়ার বন্ধুদের মসজিদ ও স্কুলে যায়। এভাবে নানা উপায়ে শিক্ষা লাভ করে। সমাজে আজ শোয়েব প্রতিষ্ঠিত। যেকোনো নতুন পরিবেশেই সে নিজেকে খাপ খাইয়ে নিতে পারে।

১৩. কোন প্রক্রিয়ায় শোয়েব সমাজে প্রতিষ্ঠিত হয়েছে?
ক সামাজিক পরিবর্তন খ সামাজিকীকরণ
গ সামাজিক প্রগতি ঘ সামাজিক পুনর্গঠন

১৪. শোয়েবের পিতা-মাতার মধ্যে অশান্তি বিরাজ করলে শোয়েবের জীবনে দেখা দিতে পারে—
i. পরনির্ভরশীলতা
ii. মানসিক বিকারগ্রস্ততা
iii. অপরাধ প্রবণতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, iii ও iii

১৫. সামাজিক বৈষম্য বলতে কোন অসমতাকে বোঝায়?
ক সামাজিক খ আর্থিক
গ প্রাতিষ্ঠানিক ঘ ধর্মীয়

১৬. কার মতে স্তরবিন্যাস মূলত শোষণের প্রতীক?
ক ওয়েবার এর খ মার্কস এর
গ ডেভিস ও মুর এর ঘ ডুর্খেইম এর

১৭. যোদ্ধা কোন বর্ণ হিসাবে পরিচিত?
ক ব্রাহ্মণ খ বৈশ্য
গ ক্ষত্রিয় ঘ শূদ্র

১৮. '*Primitive Culture*' গ্রন্থটি কে রচনা করেন?
ক ইয়ংপার খ অগবার্ন
গ টেইলর ঘ ডুর্খেইম

১৯. ডুর্খেইমের মতে, ধর্মের ভিত্তি হলো—
i. পবিত্র বস্তুজগৎ
ii. বিশ্বাস
iii. আচার অনুষ্ঠান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও:

খলিল সাহেব একজন খানদানী মানুষ। পোশাক-পরিচ্ছদের বিশেষ ধরন তাকে অন্যদের থেকে আলাদা করে দেয়। বাপ-দাদার রুচিবোধকে তিনি ধারণ করেন। প্রবাসী ছেলে-মেয়েরা তাকে স্মার্ট ফোন উপহার দিলেও তিনি এসবের ব্যবহার জানেন না।

২০. খলিল সাহেবের পোশাক-পরিচ্ছদ, রুচিবোধ সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়ের উদাহরণ?
ক সভ্যতা খ সংস্কৃতি
গ প্রথা ঘ মূল্যবোধ

২১. খলিল সাহেবের মোবাইল ফোন ব্যবহার না জানার বিষয়টি প্রমাণ করে—
ক অবস্তুগত সংস্কৃতি সবসময় অপরিবর্তনীয়
খ বস্তুগত সংস্কৃতির গতি অপেক্ষাকৃত দ্রুত
গ অবস্তুগত সংস্কৃতির গতি অপেক্ষাকৃত দ্রুত
ঘ দু ধরনের সংস্কৃতির গতি সমান

২২. বিবাহ হচ্ছে প্রাপ্তবয়স্ক নারী ও পুরুষের মধ্যে এমন এক যুগল বন্ধন যা—
i. সমাজ দ্বারা সমর্থিত
ii. ধর্ম দ্বারা সমর্থিত iii. আইন দ্বারা সমর্থিত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২৩. সামাজিক প্রতিষ্ঠান বলতে বুঝি—
i. পরিবারকে ii. জ্ঞাতিসম্পর্ককে
iii. ব্যবসায়-বাণিজ্যকে
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. জাতি সদস্যদের প্রত্যেককে আলাদাভাবে ডাকার পদ্ধতিকে কী বলে আখ্যায়িত করা হয়?
ক শ্রেণিমূলক ব্যবস্থা
খ বর্ণনামূলক জ্ঞাতি সম্পর্ক
গ শ্রেণিহীন ব্যবস্থা ঘ সুষম ব্যবস্থা

২৫. সমাজবিজ্ঞান প্রাকৃতিক বিজ্ঞানের কোন বিষয়টি অনুসরণ করে?
ক পরীক্ষাগার প্রমাণ খ গবেষণা পদ্ধতি
গ সূত্র ঘ গাণিতিক পদ্ধতি

২৬. বৈজ্ঞানিক পদ্ধতির বৈশিষ্ট্য হলো এ পদ্ধতি—
i. বস্তুনিষ্ঠ ii. অভিজ্ঞতাভিত্তিক
iii. ধারাবাহিক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. সমাজবিজ্ঞানের গবেষণার বিষয়—
i. বিমূর্ত
ii. অবস্তুগত iii. বস্তুগত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. সুশৃঙ্খল জ্ঞানই বিজ্ঞান যা নির্ণীত হয়—
i. পরীক্ষা দ্বারা
ii. প্রমাণ দ্বারা iii. যুক্তি দ্বারা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. মার্কসের দ্বান্দ্বিক বস্তুবাদের মূল কথা হলো—
i. সমস্ত প্রপঞ্চের বিকাশ হয় দ্বন্দ্বের মাধ্যমে
ii. সমাজ পরিবর্তন দ্বন্দ্বেরই ফল
iii. দ্বন্দ্বের উপস্থিতি পাওয়া যায় প্রলেতারিয়েতের মধ্যে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. অনেক ক্ষেত্রে পরার্থমূলক আত্মহত্যার কারণ হয়ে থাকে—
i. সামাজিক স্বার্থ
ii. সামাজিক প্রচলিত নিয়ম
iii. অর্থনৈতিক মন্দা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**উত্তর**

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | খ | ১০ | খ | ১১ | ক | ১২ | খ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | খ | ২০ | খ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | ক | ২৪ | খ | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ঘ | ৩০ | ক |

# সেট-২

## সমাজবিজ্ঞান প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০ বিষয় কোড: ১ ১ ৭

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. স্পেন্সারের মতে, বিবর্তিত জটিল সমাজে সৃষ্টি হয়—
i. রাজনৈতিক প্রতিষ্ঠান
ii. রাজনৈতিক নেতৃত্ব iii. রাজনৈতিক সহিংসতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২. সভ্যতা বলতে বোঝায়—
i. প্রাকৃতিক পরিবেশের আশির্বাদপুষ্ট ফসল
ii. একটি সাংস্কৃতিক পড় ফল
iii. উন্নত ধরনের শিল্পকলা, বিজ্ঞান ও ধর্ম
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩. সামাজিক চুক্তি মতবাদের প্রবক্তা কে?
ক স্পেন্সার খ হবস
গ টয়েনবি ঘ ওয়েবার

৪. কার্ল মার্কসের মতে, সমাজ পরিবর্তনের উপাদান হচ্ছে—
i. উৎপাদন ব্যবস্থার উন্নতি
ii. শ্রেণিসম্পর্ক
iii. পুঁজিবাদ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৫. পরিবারের জৈবিক কাজ হলো–
i. সন্তান জন্মদান ii. সন্তান লালন-পালন
iii. সন্তানকে আদর স্নেহ প্রদান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

৬. মানব শিশুর অনানুষ্ঠানিক শিক্ষাপ্রতিষ্ঠান কোনটি?
ক বিদ্যালয় খ পরিবার
গ খেলার মাঠ ঘ ধর্মীয় প্রতিষ্ঠান

৭. বংশগত সূত্রে পিতামাতা থেকে সন্তানদের মধ্যে উত্তরাধিকার সূত্রে বর্তায়—
i. শরীরের রং ও গড়ন
ii. জ্ঞান ও পারদর্শিতা iii. রোগ প্রতিরোধ ক্ষমতা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৮. সামাজিকীকরণের প্রধান বাহন কোনটি?
ক শিক্ষাপ্রতিষ্ঠান খ পরিবার
গ সমাজ ঘ ধর্মীয় প্রতিষ্ঠান

৯. বর্তমান বিশ্বে তথ্যের অবাধ বিচরণে ভূমিকা রাখে—
i. সংবাদপত্র ii. বেতার
iii. টেলিভিশন
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১০. সামাজিক স্তরবিন্যাস বলতে বোঝায় সমাজে ব্যক্তি, গোষ্ঠী এবং শ্রেণির—
i. অসম অবস্থান
ii. অসম বয়সের পার্থক্য
iii. অসম মর্যাদার বিন্যাস
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১১. সমাজবিজ্ঞানে বিবর্তন প্রত্যয়টি প্রথম ব্যবহার করেন?
ক ডুর্খেইম খ রবার্টসন
গ স্পেন্সার ঘ স্কট

১২. সামাজিক পরিবর্তনের মতবাদগুলো হলো—
i. রৈখিক মতবাদ ii. চক্রাকার মতবাদ
iii. পৌনঃপুনিক মতবাদ
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. কোন পরিবেশ দ্বারা অপরাধমূলক আচরণ প্রভাবিত?
ক সামাজিক পরিবেশ খ ধর্মীয় পরিবেশ
গ পারিবারিক পরিবেশ ঘ সাংস্কৃতিক পরিবেশ

১৪. মাত্রার ভিত্তিতে অপরাধের ধরন হচ্ছে–
i. লঘু অপরাধ ii. গুরুতর অপরাধ
iii. অতি গুরুতর অপরাধ
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

১৫. সম্পত্তি আত্মসাৎ, জবরদখল, চুরি, ডাকাতি ইত্যাদি কোন ধরনের অপরাধের অন্তর্ভুক্ত?
ক ক্ষতিগ্রস্ত বা শিকারবিহীন অপরাধ
খ ভদ্রবেশী অপরাধ গ সংঘটিত অপরাধ
ঘ সম্পত্তি এবং ব্যক্তির বিরুদ্ধে অপরাধ

১৬. কর্মসংস্থানের ব্যবস্থা না হওয়ায় জাভেদ চুরি করা শুরু করেছে। জাভেদের এ ধরনের আচরণের কারণ–
i. বেকারত্ব
ii. হতাশা iii. মানসিক অসন্তোষ
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দাও:
তুহিনের বাবা-মা তাকে খুব স্নেহ যত্ন করেন। ছোট ভাই ও বন্ধুদের সাথে সে মসজিদ ও স্কুলে যায়। টেলিভিশনে শিক্ষামূলক অনুষ্ঠান দেখা তুহিনকে সমাজের সাথে খাপ খাইয়ে চলতে সাহায্য করে।

১৭. উদ্দীপকে তুহিনকে সাহায্য করছে—
ক সামাজিক সম্পর্ক খ ধর্মীয় রীতিনীতি
গ সুষ্ঠু সামাজিকীকরণ ঘ সামাজিক প্রগতি

১৮. তুহিনের পিতামাতা যদি তাকে সময় না দিতেন তাহলে তার জীবনে দেখা দিতে পারতো—
i পরনির্ভরশীলতা
ii অপরাধ প্রবণতা
iii সামাজিক জীবে পরিণত হওয়া
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

১৯. "শক্তি নয় ইচ্ছাই রাষ্ট্রের মূল ভিত্তি।"— উক্তিটি কার?
ক টি. এইচ. গ্রীনের খ অধ্যাপক গার্নারের
গ এরিস্টটলের ঘ অধ্যাপক লাস্কির

২০. শ্রেণির বৈশিষ্ট্যের ক্ষেত্রে বলা যায়—
i. এটি একটি মানসিক সামাজিক বিন্যাস
ii. এটি মূলত অর্জিত অবস্থান
iii. সামাজিক গতিশীলতা বিদ্যমান থাকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

২১. Socius শব্দটির অর্থ কী?
ক সংঘ খ সঙ্গী
গ সমিতি ঘ সমাজ

২২. সমাজবিজ্ঞানের চর্চা কখন ভারতবর্ষে শুরু হয়?
ক উনিশ শতকে খ অষ্টাদশ শতকে
গ ষোড়শ শতকে ঘ বিংশ শতকে

২৩. সমাজ সর্বদা—
i. স্থির ii. গতিশীল
iii. পরিবর্তনশীল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৪. ব্যবহারিক শাস্ত্রের অন্তর্ভুক্ত—
i. নীতিবিদ্যা
ii. স্থাপত্যবিদ্যা iii. প্রকৌশলবিদ্যা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৫. রাজিব গার্মেন্টস কারখানায় কর্মরত নারী শ্রমিকদের থেকে তথ্য নিয়ে একটি গবেষণা প্রতিবেদন তৈরি করে। রাজিব-এর গবেষণা কোন পদ্ধতির অন্তর্গত?
ক ঐতিহাসিক পদ্ধতি খ তুলনামূলক পদ্ধতি
গ জরিপ পদ্ধতি ঘ নৃতাত্ত্বিক পদ্ধতি

২৬. সমাজ গবেষণার প্রথম ধাপ হচ্ছে—
ক গবেষণা মূল্যায়ন করা
খ গবেষণার বিষয় নির্বাচন করা
গ গবেষণার বাজেট তৈরি করা
ঘ উপযুক্ত কমিটি গঠন করা

অনুচ্ছেদটি পড়ো এবং ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দাও।
অবনির খুব ঘনিষ্ঠ বন্ধু তুশাল চাকমা। অবনি চাকমা নৃগোষ্ঠীর উপর গবেষণা করার জন্য বান্দরবানে তুশালদের বাড়িতে যায় এবং দীর্ঘ দুই মাস অবস্থান করে। ফলে সে তাদের জীবনপ্রণালি সম্পর্কে অবহিত হয় এবং সে সমাজের রীতিনীতি অবলম্বন করে তাদের ভাষা সম্পর্কে জ্ঞান লাভ করে।

২৭. উদ্দীপকে অবনি তার গবেষণাকার্যে কোন পদ্ধতি অবলম্বন করে?
ক জরিপ পদ্ধতি খ নৃতাত্ত্বিক পদ্ধতি
গ দার্শনিক পদ্ধতি ঘ ঐতিহাসিক পদ্ধতি

২৮. উক্ত পদ্ধতির প্রধান অসুবিধা হলো—
i. কম খরচ ii. শ্রমসাধ্য
iii. দীর্ঘ সময়সাপেক্ষ
নিচের কোনটি সঠিক ?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৯. কখন মুসলিম দেশগুলোতে বুদ্ধিভিত্তিক চর্চা পরিলক্ষিত হয়?
ক সপ্তম থেকে অষ্টম শতাব্দী
খ অষ্টম থেকে নবম শতাব্দী
গ নবম থেকে চতুর্দশ শতাব্দী
ঘ দশম থেকে একাদশ শতাব্দী

৩০. খালদুন রাষ্ট্র ও সমাজের উৎপত্তির মূল কারণ হিসেবে চিহ্নিত করেন—
i. গোষ্ঠী সংহতিকে ii. আসাবিয়াকে
iii. গোত্র সংহতিকে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ক | ২ | ঘ | ৩ | খ | ৪ | ক | ৫ | ক | ৬ | খ | ৭ | ঘ | ৮ | খ | ৯ | ঘ | ১০ | খ | ১১ | গ | ১২ | ক | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ঘ |
| | ১৬ | ঘ | ১৭ | গ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | গ | ২৯ | গ | ৩০ | ঘ |

## সেট-৩

### সমাজবিজ্ঞান প্রথম পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩০ মিনিট    পূর্ণমান — ৩০    বিষয় কোড: ১ ১ ৭

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. 'The Principles of Sociology' গ্রন্থের লেখক কে?
(ক) কোৎেনিপ (খ) ওয়েবার
(গ) কোলভালেভাস (ঘ) স্পেন্সার

২. কার্ল মার্কসের তত্ত্ব কোনটি?
(ক) বৈজ্ঞানিক সমাজতন্ত্র (খ) দ্বান্দ্বিক বস্তুবাদ
(গ) উদ্বৃত্ত মূল্যতত্ত্ব (ঘ) সবগুলো

৩. আল-উমরানের কোন অধ্যায়টি '*The Prince*' নামক গ্রন্থের সাথে সাদৃশ্যপূর্ণ?
(ক) প্রথম (খ) দ্বিতীয়
(গ) তৃতীয় (ঘ) চতুর্থ

৪. তোমার সাথে সমাজের সম্পর্ক কীরূপ?
(ক) আমি স্বতন্ত্র
(খ) আমি সর্বেসর্বা
(গ) আমি সমাজের ওপর নির্ভরশীল
(ঘ) আমি সমাজ থেকে বিচ্ছিন্ন

৫. সমাজের মূলকথা হলো—
i. সামাজিক বন্ধন ii. পারস্পরিক নির্ভরশীলতা
iii. সামাজিক সংহতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬. বিবাহের সর্বজনীন বৈশিষ্ট্যের ক্ষেত্রে বলা যায় এটি—
i. স্বামী-স্ত্রীর যৌন মিলনের সামাজিক স্বীকৃতি দেয়
ii. সন্তানের বৈধতা দেয়
iii. যৌথ পরিবারের বিলুপ্তি ঘটায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭. বর্ধিত পরিবারের সদস্যের অন্তর্ভুক্ত হলেন—
i স্বামী-স্ত্রী
ii সন্তান-সন্ততি iii নাতি-নাতনী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৮. সামাজিক প্রতিষ্ঠানসমূহের মধ্য দিয়ে প্রকাশ পায় —
i. সমাজের বৈচিত্র্য
ii. সরলতা iii. জটিলতা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৯. সমতল অঞ্চলের তুলনায় কোন অঞ্চলে অপরাধ প্রবণতার হার বেশি লক্ষ করা যায়?
(ক) পাহাড়ি অঞ্চলে (খ) পার্বত্য অঞ্চলে
(গ) চর অঞ্চলে (ঘ) মরু অঞ্চলে

১০. সমাজজীবনের কোন উপাদানের ওপর ঘরবাড়ির বৈশিষ্ট্য নির্ভর করে?
(ক) সাংস্কৃতিক উপাদান (খ) সামাজিক উপাদান
(গ) জৈবিক উপাদান (ঘ) ভৌগোলিক

১১. ভৌগোলিক পরিবেশের বিচ্ছিন্নতাকে নির্দেশ করে—
i. সমভূমি
ii. নিচু ভূমি
iii. পাহাড়ি অঞ্চল
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১২. সামাজিকীকরণে গ্রন্থাবলি ও পত্র-পত্রিকার গুরুত্ব হলো—
i. এর মাধ্যমে প্রচলিত ধ্যানধারণার সাথে পরিচিত হওয়া যায়
ii. সহপাঠীদের সাথে শিখতে সহায়তা করে
iii. সমাজের সাথে খাপ খাওয়াতে সহায়তা করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ১৩-১৫ নং প্রশ্নের উত্তর দাও।
সুইটি একাদশ শ্রেণির ছাত্রী। কিন্তু তার আচরণ এখনও ছোট বাচ্চাদের মতো। তার আচার-আচরণে এখনও অনেক সমস্যা আছে।

১৩. সুইটির কী ঠিকমত হয়নি?
(ক) বাবার স্নেহ (খ) সামাজিকীকরণ
(গ) পরিপূর্ণ শিক্ষা (ঘ) সবার আদর

১৪. সুইটির এ ধরনের আচরণ কীসের অভাবে হয়েছে?
(ক) পড়ালেখার অভাব
(খ) সঙ্গীদলের অভাব
(গ) রাজনৈতিক দলের অভাব
(ঘ) কোনটিই নয়

১৫. সুইটির আচরণ সংশোধনের জন্য কার ভূমিকা বেশি হবে—
i. বাবা-মা
ii. বন্ধু-বান্ধব
iii. সহপাঠী
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৬. অপুর বয়স ৮ বছর। সে পড়ালেখা এবং খেলাধুলা দুটোতেই সমান পারদর্শী। প্রতিদিন বিকালে সে তার বন্ধুদের সাথে খেলাধুলা করে। তার বন্ধুরাও পড়ালেখায় ভালো। অপুর মধ্যে কোন লক্ষণ দেখা যায়?
(ক) বদরাগী ও বখাটের লক্ষণ পরিস্ফুট হচ্ছে
(খ) নেতা ও আত্মনির্ভরশীল গুণের প্রকাশ ঘটছে
(গ) বাবা-মার অবাধ্য হচ্ছে
(ঘ) সামাজিক নিয়ম লঙ্ঘনকারী হচ্ছে

১৭. কোনটি সামাজিক উপাদানভিত্তিক অসমতা?
(ক) শ্রেণি অসমতা
(খ) বয়সভিত্তিক অসমতা
(গ) নরগোষ্ঠী ভিত্তিক অসমতা
(ঘ) কোনটিই নয়

১৮. 'দাস হচ্ছে এমন এক ব্যক্তি যাকে সমাজ এবং প্রথা অন্যের সম্পত্তি হিসেবে বিবেচনা করে'– এ সংজ্ঞাটি কে দিয়েছেন?
(ক) হবহাউস (খ) অগবার্ন
(গ) সরোকিন (ঘ) নিমকফ

১৯. প্রাক-ব্রিটিশ যুগের সর্বভারতীয় সমাজের স্তরবিন্যাসের পরিচয় বহন করে—
i. গৃহদাস ব্যবস্থা
ii. বিশেষ ধরনের ভূমিব্যবস্থা
iii. সামন্ত ব্যবস্থা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০. আধুনিক ভারতে জাতি বর্ণভেদে—
i. সভা-সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে
ii. সাময়িকী পত্রিকা প্রকাশিত হচ্ছে
iii. স্থানীয় নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. রাষ্ট্রের সর্বোচ্চ ও চূড়ান্ত উপাদান বা বৈশিষ্ট্য কোনটি?
(ক) জনসংখ্যা (খ) নির্দিষ্ট ভূখণ্ড
(গ) সরকার (ঘ) সার্বভৌম ক্ষমতা

২২. অবস্তুগত সম্পত্তিকে কী বলে?
(ক) পেশাবৃত্তিক সম্পত্তি (খ) বুদ্ধিবৃত্তিক সম্পত্তি
(গ) মেধাবৃত্তিক সম্পত্তি (ঘ) অবস্তুবৃত্তিক সম্পত্তি

নিচের অনুচ্ছেদটি পড়ো এবং ২৩-২৪ নং প্রশ্নের উত্তর দাও:
আবিদ জুরাইন বস্তিতে বসবাস করে। চুরি করে সে তার নেশার টাকা সংগ্রহ করে। এছাড়া সংঘবদ্ধ চক্রের সাথে মিলিত হয়ে মাঝেমধ্যে ডাকাতিও করে।

২৩. আবিদের কাজকে কী বলে অভিহিত করা যায়?
(ক) অপরাধ (খ) অপরাধ প্রচেষ্টা
(গ) অনৈতিক আচরণ (ঘ) বিশৃঙ্খলা আচরণ

২৪. আবিদের কার্যক্রম সমাজে—
i. বিশৃঙ্খলা সৃষ্টি করে ii. শান্তি বিনষ্ট করে
iii. সামাজিক সংহতি সৃষ্টি করে
নিচের কোনটি সঠিক ?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. 'দুর্ভিক্ষ' কোন ধরনের পরিবর্তন?
(ক) পরিকল্পিত পরিবর্তন
(খ) গুণগত পরিবর্তন
(গ) অপরিকল্পিত পরিবর্তন
(ঘ) তাত্ত্বিক পরিবর্তন

২৬. মার্কসবাদীরা কীসের ভিত্তিতে সামাজিক পরিবর্তনকে ব্যাখ্যা করেছেন?
(ক) অর্থনীতির ভিত্তিতে (খ) রাজনীতির ভিত্তিতে
(গ) সংস্কৃতির ভিত্তিতে (ঘ) ধর্মীয় মূল্যবোধের ভি

২৭. Sociology শব্দটি কোন ভাষার শব্দ?
(ক) ফরাসি (খ) জার্মানি
(গ) ইংরেজি (ঘ) গ্রিক

২৮. কোন বিষয়টি সমাজবিজ্ঞানের উদ্ভবের সাথে জড়িত নয়?
(ক) প্রজ্ঞাবাদ (খ) উত্তর-আধুনিকতা
(গ) ফরাসি বিপ্লব (ঘ) পুনর্জাগরণ

২৯. পদ্ধতির ইংরেজি Method শব্দটি কোন শব্দ থেকে এসেছে?
(ক) গ্রিক শব্দ (খ) জার্মান শব্দ
(গ) আরবি শব্দ (ঘ) রোমান শব্দ

৩০. ইফতি একটি সামাজিক গবেষণা করতে চায়, তাকে যে পর্যায়গুলো অবশ্যই অতিক্রম করতে হবে তা হলো—
i. সমস্যা নির্বাচন
ii. তথ্য সংগ্রহ
iii. তথ্যের শ্রেণিবিন্যাস
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | ঘ | ৩ | গ | ৪ | গ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ক | ১০ | ঘ | ১১ | ঘ | ১২ | গ | ১৩ | খ | ১৪ | খ | ১৫ | ঘ |
| | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ক | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

# বোর্ড পরীক্ষার প্রশ্ন ও উত্তর

## ঢাকা, দিনাজপুর, সিলেট, যশোর বোর্ড-২০১৮

**সমাজবিজ্ঞান প্রথম পত্র** বিষয় কোড : | ১ | ১ | ৭ |

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান: ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের বিভিন্ন অংশের উত্তর ধারাবাহিকভাবে লিখতে হবে]*

১.▶ শিহাব বিশ্ববিদ্যালয়ে যে বিষয়ে অধ্যয়ন করে সে বিষয়টির উৎপত্তি সম্পর্কে সন্ধান করতে গিয়ে দেখলেন ল্যাটিন শব্দ Socius ও গ্রীক শব্দ Logos থেকে এর উদ্ভব। ১৮৩৯ সালে একজন ফরাসি দার্শনিক তাঁর 'কোর্স-ডি-ফিলোসফি পজিটিভ' গ্রন্থে সর্বপ্রথম এ বিষয়টিকে বিজ্ঞান হিসেব আখ্যায়িত করেন।

ক. "সমাজবিজ্ঞান হলো সামাজিক প্রতিষ্ঠানের বিজ্ঞান"— উক্তিটি কার? ১
খ. শিক্ষার সমাজবিজ্ঞান বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকের শিহাব কোন বিষয়ে অধ্যয়ন করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি সমাজের সামগ্রিক পাঠ। বিশ্লেষণ কর। ৪

২.▶





ক. পদ্ধতি কী? ১
খ. পর্যবেক্ষণ পদ্ধতি বলতে কী বুঝ? ২
গ. প্রদত্ত ছকে '?' চিহ্নিত স্থানে কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টির প্রয়োগ সমাজবিজ্ঞানকে বৈজ্ঞানিক মর্যাদা দিতে সক্ষম হয়েছে— বিশ্লেষণ কর। ৪

৩.▶ রাকিব রতনপুর গ্রামের লোকদের জীবন ব্যবস্থা সম্পর্কে জানতে পারে যে অতীতে তাদের সমাজ ধর্মগুরুদের দ্বারা পরিচালিত হত। ধর্মীয় নেতা যেভাবে তাদের জীবনযাপন করতে বলতো তেমনি তারা চলতো। কিন্তু বর্তমানে তাদের মধ্যে অনেকেই শিক্ষিত হয়েছে এবং আধুনিক জীবনযাপন করছে। তারা ধর্মীয় গোড়ামী ত্যাগ করে বিজ্ঞানমনস্ক হয়েছে।

ক. পরার্থপর আত্মহত্যা কী? ১
খ. আসাবিয়া বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকের রতনপুর গ্রামের অতীত জীবনের সমাজ ব্যবস্থার সাথে অগাস্ট কোঁতের ত্রয়স্তরের কোন স্তরের সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত গ্রামের বর্তমান জীবন ব্যবস্থার সাথে দৃষ্টবাদের সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৪.▶




চিত্র: 'ক'





চিত্র: 'খ'

ক. সংঘ কী? ১
খ. পরিবার সামাজিক নিয়ন্ত্রণের অন্যতম বাহন— বুঝিয়ে লেখ। ২
গ. উদ্দীপকের চিত্র 'ক' এর '?' চিহ্নিত স্থানে কোন মৌল প্রত্যয়ের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত 'ক' ও 'খ' এর মধ্যকার পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৫.▶ কামাল তার তিন ভাই, দুইবোন ও মা-বাবাসহ গ্রামে বাস করত। কামাল বিয়ে করে চাকুরীসূত্রে শহরে বসবাস শুরু করে। তার ভাইদেরকেও একে একে চাকুরীর আশায় শহরে নিয়ে আসে এবং তারা আলাদা বাসা ভাড়া করে থাকে। বোনদের বিয়ে হয়ে গেলে শুধু তার বৃদ্ধ বাবা-মা গ্রামের বাড়িতে বসবাস করছে।

ক. প্রতিষ্ঠান কী? ১
খ. কাল্পনিক জ্ঞাতি বলতে কী বুঝ? ২
গ. কামালের শহরের পরিবারটি কোন ধরনের পরিবার? ব্যাখ্যা কর। ৩
ঘ. কামালের গ্রামের পরিবারটি ভেঙ্গে যাওয়ার আর্থ-সামাজিক কারণ বিশ্লেষণ কর। ৪

৬.▶




ক. 'Ancient Society' গ্রন্থের লেখক কে? ১
খ. লেভিরেট বিবাহ কী? ২
গ. উদ্দীপকের 'A' চিহ্নিত স্থানে কোন সামাজিক প্রতিষ্ঠানের কার্যাবলিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মানব সমাজে উক্ত প্রতিষ্ঠানটি বহুমাত্রিক কার্যাবলি সম্পাদন করে থাকে— উক্তিটির সপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ মি. সোহেল চৌধুরী উচ্চপদস্থ সরকারি কর্মকর্তা। ঘুষ, দুর্নীতি ও অবৈধ অর্থ উপার্জনের সুযোগ থাকা সত্ত্বেও তিনি তা করেন না। তিনি সৎ ও নিষ্ঠার সাথে অফিসিয়াল ও ব্যক্তি জীবনের সকল দায়িত্ব পালন করেন এবং সহকর্মীদেরও খারাপ কাজ থেকে বিরত থাকতে পরামর্শ দেন। ব্যক্তিজীবনে মি. সোহেল চৌধুরী নিজে সৎভাবে জীবনযাপন করেন। এজন্যে তিনি সকলের কাছে নীতিবান ব্যক্তি হিসাবে পরিচিত।

ক. জাতিবর্ণ প্রথা কী? ১
খ. সম্পত্তি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকের মি. সোহেল চৌধুরীর মধ্যে যে মানবিক গুণের প্রতিফলন ঘটেছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনে উক্ত গুণটির প্রভাব বিশ্লেষণ কর। ৪

৮.▶




ক. সামাজিক অসমতা কী? ১
খ. সামাজিকীকরণে শিক্ষা প্রতিষ্ঠান কীভাবে ভূমিকা রাখে? বুঝিয়ে বল। ২
গ. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে সামাজিক স্তরবিন্যাসের যে ধরনটি নির্দেশ করছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত স্তরটি ছিল সামাজিক স্তরবিন্যাসের সবচেয়ে চরম ও নিকৃষ্ট অবস্থা' তুমি কি এ বক্তব্যের সাথে একমত? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৯.▶ মিরাজ সাহেব 'ক' নামক দেশের একজন মন্ত্রী। কাইয়ুম সাহেব সেই রাষ্ট্রেরই একজন রাষ্ট্রবিজ্ঞানী। কাইয়ুম সাহেব মনে করেন রাষ্ট্র একদিনে হঠাৎ করে তৈরি হয়নি। সময়ের প্রয়োজনের ধীরে ধীরে গড়ে উঠেছে।

ক. ক্ষমতা কী? ১
খ. সম্পত্তি বলতে কী বুঝ? ২
গ. মিরাজ সাহেব রাষ্ট্রের কোন উপাদানের প্রতিনিধিত্ব করেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. কাইয়ুম সাহেবের বক্তব্যই রাষ্ট্রের উৎপত্তির সবচেয়ে গ্রহণযোগ্য মতবাদ— বিশ্লেষণ কর। ৪

# সকল বোর্ড-২০১৮

## সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ১ | ৭ |

## বহুনির্বাচনি প্রশ্ন

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য:—সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বিশ্বের সকল মানব সমাজকে এক ও অভিন্ন ঐক্যতানে সমন্বিত করার প্রক্রিয়াকে কী বলে?
(ক) বিশ্বায়ন (খ) তথ্য প্রযুক্তি
(গ) স্যাটেলাইট (ঘ) ইন্টারনেট

২. Deviance শব্দের অর্থ কী?
(ক) মূল্যবোধ বিরোধী কার্যক্রম
(খ) অপরাধ
(গ) প্রবেশন (ঘ) আচরণ

৩. সম্পত্তির বৈশিষ্ট্য হল, এটি—
i. শুধু বস্তুগত
ii. বিনিময়যোগ্য
iii. সমাজ স্বীকৃত
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ৪নং প্রশ্নের উত্তর দাও:
রাসেলের বয়স দশ বছর। বাবা মার সাথে আগারগাঁও বস্তিতে বাস করে। অভাবের তাড়নায় সে পকেটমারাসহ বিভিন্ন অপকর্ম করে বেড়ায়।

৪. রাসেলের এরূপ কর্মকাণ্ড কি ধরনের অপরাধ?
(ক) ভদ্রবেশী (খ) কিশোর অপরাধ
(গ) সংগঠিত (ঘ) গতানুগতিক

৫. পরার্থমূলক আত্মহত্যা ঘটার কারণ—
(ক) অর্থনৈতিক (খ) পারিবারিক
(গ) ব্যক্তিগত (ঘ) দেশের জন্য

৬. বৈবাহিক জ্ঞাতির উদাহরণ কোনটি?
(ক) দোস্ত (খ) শ্বশুর
(গ) চাচা (ঘ) ধর্ম ভাই

৭. তথ্য প্রযুক্তির বিস্ময়কর উন্নতি ঘটেছে কোনটির সহায়তায়?
i. কম্পিউটারের
ii. টেলিভিশনের
iii. সাবমেরিন ক্যাবলের
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ৮নং প্রশ্নের উত্তর দাও—

| বুদ্ধিমত্তা | ? | গায়ের রং |
|---|---|---|
| দেহের গড়ন | | রোগ-ব্যাধি |

৮. ? চিহ্নিত স্থানে কোনটি বসবে?
(ক) সাংস্কৃতিক উপাদান
(খ) গোষ্ঠীগত উপাদান
(গ) ভৌগোলিক উপাদান
(ঘ) জৈবিক উপাদান

৯. 'Sociology' শব্দটির প্রবক্তা কে?
(ক) প্লেটো (খ) এরিস্টটল
(গ) ইবনে খালদুন (ঘ) অগাস্ট কোঁৎ

১০. Das Capital গ্রন্থটির রচয়িতা কে?
(ক) অগাস্ট কোঁৎ (খ) কার্ল মার্কস
(গ) ম্যাক্স ওয়েবার (ঘ) ডুর্খেইম

১১. যখন একাধিক ব্যক্তি একই উদ্দেশ্য সাধনের জন্য সংঘবদ্ধ হয়ে বসবাস করে তখন তাকে কী বলে?
(ক) সংঘ (খ) সমাজ
(গ) সম্প্রদায় (ঘ) গোষ্ঠী বা দল

১২. মর্গানের মতে সিনডিয়াসমিয়ান যে ধরনের পরিবার—
(ক) দলগত
(খ) আপন জ্ঞাতি
(গ) প্রাথমিক
(ঘ) অস্থায়ী যুগল

নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪নং প্রশ্নের উত্তর দাও:
আঃ রহিম মিঞা বাজিতপুর গ্রামের বাসিন্দা। তাদের গ্রামে বিভিন্ন পেশার মানুষ বাস করে। কেউ চাকুরীজীবী, কেউ কৃষিজীবী, কেউ আবার মৎস্যজীবী।

১৩. আঃ রহিম মিঞার গ্রামের সাথে সাদৃশ্য রয়েছে কোনটির?
(ক) সমাজ কাঠামোর
(খ) সামাজিক স্তরবিন্যাসের
(গ) অর্থনৈতিক ব্যবস্থার
(ঘ) উৎপাদন ব্যবস্থার

১৪. উক্ত বিষয়ের বৈশিষ্ট্যের ক্ষেত্রে বলা যায়—
i. মাত্রায় অভিন্ন
ii. সর্বজনীন
iii. সামাজিক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৫. বৈজ্ঞানিক পদ্ধতির প্রথম ধাপ কোনটি?
(ক) উপাত্ত সংগ্রহ
(খ) সমস্যা নির্বাচন
(গ) যথার্থতা যাচাই
(ঘ) উপাত্তের শ্রেণিবিন্যাস

১৬. সামাজিকীকরণের প্রথম ও প্রধান মাধ্যম কোনটি?
(ক) পরিবার
(খ) শিক্ষা প্রতিষ্ঠান
(গ) সংগীদল
(ঘ) ধর্মীয় আদর্শ

১৭. একই আয় ও সুযোগ-সুবিধা ভোগকারী গোষ্ঠীকে বলে—
(ক) জ্ঞাতি (খ) পরিবার
(গ) শ্রেণি (ঘ) সম্প্রদায়

১৮. Mores শব্দের অর্থ কী?
(ক) প্রথা
(খ) আদর্শ যার শক্তিশালী নৈতিক তাৎপর্য রয়েছে
(গ) লোকাচার
(ঘ) আদর্শ

১৯. গ্রামীণ আর্থ-সামাজিক অবস্থা সম্পর্কে অনুসন্ধান করতে কোন গবেষণা পদ্ধতি ব্যবহার করা হয়?
(ক) জরিপ পদ্ধতি
(খ) ঐতিহাসিক পদ্ধতি
(গ) তুলনামূলক পদ্ধতি
(ঘ) পরীক্ষণ পদ্ধতি

২০. সম্প্রদায়ের বৈশিষ্ট্য কয়টি?
(ক) দুইটি (খ) তিনটি
(গ) চারটি (ঘ) পাঁচটি

২১. ভৌগোলিক অবস্থানগত কারণে গড়ে উঠেছে—
i. রেশম শিল্প
ii. চা শিল্প
iii. কুটির শিল্প
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩নং প্রশ্নের উত্তর দাও:
তমালের বাবা-মা দুজনেই শিক্ষক। পরিবারের সকলে টেলিভিশনের এক প্রতিবেদনে মাদকাসক্তির কুফল সম্পর্কে জানতে পেরেছে। তাই মাদক গ্রহণ না করার ব্যাপারে দৃঢ় অঙ্গীকারাবদ্ধ এবং এ বিষয়ে বন্ধুদেরকে উৎসাহিত করে।

২২. অনুচ্ছেদে সামাজিক নিয়ন্ত্রণের কিরূপ বাহনের ইঙ্গিত রয়েছে?
(ক) পরিবার (খ) শিক্ষা
(গ) সঙ্গী সাথী (ঘ) গণমাধ্যম

২৩. সামাজিক নিয়ন্ত্রণের উক্ত বাহন—
i. সচেতনতা বৃদ্ধি করে
ii. নিয়মতান্ত্রিক জীবন যাপনে উদ্বুদ্ধ করে
iii. অপরাধী হতে উদ্বুদ্ধ করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৪. কার্ল মার্কসের মতে সমাজের মৌল কাঠামো কোনটি?
(ক) আইন (খ) অর্থনীতি
(গ) সংস্কৃতি (ঘ) রাজনীতি

২৫. ভদ্রবেশী অপরাধের উদাহরণের ক্ষেত্রে বলা যায়—
i. তহবিল তছরুফ না করা
ii. ট্রেডমার্ক নকল করা
iii. আয়কর না দেয়া
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

২৬. Socialization কথাটির অর্থ কী?
(ক) সামাজিক প্রক্রিয়া
(খ) সামাজিক বিভাজন
(গ) সামাজিক পরিবর্তন
(ঘ) সামাজিক বিবর্তন

২৭. মামাতো ফুপাতো ভাইবোনের বিবাহের ধরন কোনটি?
(ক) লেভিরেট (খ) সরোরেট
(গ) প্যারালাল কাজিন (ঘ) ক্রস কাজিন

২৮. সমাজ কাঠামোর রদবদল বলতে বোঝায় সামাজিক—
(ক) পরিবর্তন (খ) বিবর্তন
(গ) উন্নয়ন (ঘ) প্রগতি

নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:
অলক ও রহমত ছোটবেলা থেকে গ্রামের একই স্কুলে পড়াশুনা করেন। চাকুরী করার ইচ্ছা থাকলেও অলক শেষ পর্যন্ত পৈতৃক পেশা বেছে নিতে বাধ্য হন। তবে রহমত ব্যবসা করে শহরে গাড়ি বাড়ির মালিক হন।

২৯. অলকের পৈতৃক পেশা বেছে নেওয়ার কারণ কী?
(ক) জাতিবর্ণ প্রথা (খ) শ্রেণি মর্যাদা
(গ) সামাজিক শ্রেণি
(ঘ) সামাজিক স্থিতিশীলতা

৩০. রহমতের মর্যাদা এখানে—
(ক) আরোপিত (খ) অর্জিত
(গ) নির্বাচিত (ঘ) বংশভিত্তিক

| উত্তর | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ ক | ২ ক | ৩ খ | ৪ খ | ৫ ঘ | ৬ গ | ৭ গ | ৮ ঘ | ৯ ঘ | ১০ খ | ১১ ক | ১২ ঘ | ১৩ গ | ১৪ খ | ১৫ খ |
| | ১৬ ক | ১৭ গ | ১৮ খ | ১৯ ক | ২০ ক | ২১ ক | ২২ ঘ | ২৩ ক | ২৪ খ | ২৫ খ | ২৬ ক | ২৭ ঘ | ২৮ ক | ২৯ ক | ৩০ খ |

# সকল বোর্ড-২০১৭

## সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ১ | ৭ |

### বহুনির্বাচনি প্রশ্ন

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য:—সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসংবলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. প্রধানত জাতির উদাহরণ কোনটি?
(ক) দেবর (খ) চাচাত ভাই
(গ) খালাত ভাই (ঘ) দোস্ত

২. কৌশলের ইংরেজি প্রতিশব্দ কোনটি?
(ক) Method (খ) Technique
(গ) Logos (ঘ) Research

৩. ডুর্খেইম কয় ধরনের আত্মহত্যার কথা বলেছেন?
(ক) দুই (খ) তিন
(গ) পাঁচ (ঘ) ছয়

৪. রাষ্ট্রের উৎপত্তির ক্ষেত্রে 'সামাজিক চুক্তি' মতবাদের প্রবক্তা কে?
(ক) কার্ল মার্কস (খ) রুশো
(গ) ডুর্খেইম (ঘ) ওয়েবার

৫. একই এলাকা ও সম মানসিকতাসম্পন্ন মানুষ নিয়ে গঠিত হয় কোনটি?
(ক) সমাজ (খ) সম্প্রদায়
(গ) সংঘ (ঘ) গোষ্ঠী

৬. সুশৃঙ্খল জ্ঞানই বিজ্ঞান যা নির্ণীত হয়—
i. পরীক্ষা দ্বারা
ii. প্রমাণ দ্বারা
iii. যুক্তি দ্বারা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:
দৈনিক পত্রিকার আজকের কয়েকটি শিরোনাম:
(১) ইন্দোনেশিয়ায় শক্তিশালী ভূমিকম্প, মৃতের সংখ্যা শতাধিক
(২) সুন্দরবনে বাঘের থাবায় কাঠুরিয়ার মৃত্যু।

৭. উদ্দীপকের ১ ও ২নং শিরোনাম সমাজজীবনের কোন উপাদানের প্রভাবকে নির্দেশ করে?
(ক) ভৌগোলিক উপাদান
(খ) জৈবিক উপাদান
(গ) সাংস্কৃতিক উপাদান
(ঘ) সামাজিক উপাদান

৮. উদ্দীপকের বিষয় দু'টির ওপর প্রভাব বিস্তারকারী উপাদান সমাজজীবনের আর যে সকল ক্ষেত্রে প্রভাব বিস্তার করে তা হলো—
i. গৃহ নির্মাণের উপর
ii. বণ্টনের উপর
iii. যাতায়াত ব্যবস্থার উপর
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৯. অবস্তুগত সংস্কৃতির উদাহরণ কোনটি?
(ক) নকশীকাঁথা
(খ) একতারা
(গ) শেষের কবিতা বই
(ঘ) রবীন্দ্র সংগীত

১০. দাসদের ক্ষেত্রে প্রযোজ্য তথ্য হচ্ছে—
i. দাসরা মনিবের অধীন
ii. জন্মগতভাবে পেশা নির্ধারিত
iii. রাজনৈতিক অধিকার ছিলনা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১১. সামাজিক নিয়ন্ত্রণে কোনটির ভূমিকা বেশি কার্যকর?
(ক) সংবাদপত্র (খ) রেডিও
(গ) জনমত (ঘ) টেলিভিশন

১২. 'Taboo' শব্দের অর্থ কী?
(ক) লোকরীতি (খ) লোকাচার
(গ) নিষেধাজ্ঞা (ঘ) প্রথা

১৩. লোকাচারের অন্তর্ভুক্ত—
i. শিষ্টাচার
ii. আদব-কায়দা
iii. ন্যায়নীতি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ১৪ ও ১৫নং প্রশ্নের উত্তর দাও:
বাংলাদেশের বর্তমান সরকার নিজস্ব অর্থে 'পদ্মা সেতু নির্মাণ করছেন যা দেশের জন্য একটি যুগান্তকারী ঘটনা'।

১৪. উদ্দীপকে নির্মাণাধীন অবকাঠামোটি কোন ধরনের সম্পত্তি?
(ক) সমষ্টিগত মালিকানা সম্পত্তি
(খ) শেয়ারভিত্তিক মালিকানা সম্পত্তি
(গ) যৌথ পারিবারিক সম্পত্তি
(ঘ) সামাজিক বা সরকারি সম্পত্তি

১৫. উক্ত বিষয়টি দেশের জন্য কোন ধরনের ভূমিকা রাখবে?
i. দেশের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখবে
ii. সম্পদের সুষম বণ্টনে ভূমিকা রাখবে
iii. সারাদেশের সাথে দক্ষিণবঙ্গের যোগাযোগ সহজ করবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬. যৌথ পরিবার ভেঙ্গে যাবার কারণ—
(ক) সামাজিক (খ) রাজনৈতিক
(গ) অর্থনৈতিক (ঘ) সাংস্কৃতিক

১৭. 'Strata' শব্দের অর্থ কী?
(ক) মাটির স্তর (খ) পানির স্তর
(গ) বায়ুর স্তর (ঘ) সামাজিক স্তর

১৮. রাষ্ট্রের উপাদান কয়টি?
(ক) তিনটি (খ) চারটি
(গ) পাঁচটি (ঘ) ছয়টি

উদ্দীপকটি পড়ে ১৯ ও ২০নং প্রশ্নের উত্তর দাও:
সমাজবিজ্ঞানের একটি গুরুত্বপূর্ণ প্রত্যয় যা ল্যাটিন শব্দ 'Pro-gredio' থেকে এসেছে। যার মৌলিক অর্থ হচ্ছে "কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে সামনে চলা"।

১৯. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়ের প্রতি ইঙ্গিত করা হয়েছে?
(ক) উন্নয়ন (খ) বিবর্তন
(গ) পরিবর্তন (ঘ) প্রগতি

২০. উক্ত প্রত্যয়টি যাচাইয়ের মাপকাঠি কী?
i. উন্নত জীবনমান
ii. উৎপাদিত পণ্যের সুষম বণ্টন
iii. ব্যক্তিত্ব বিকাশের পূর্ণ সুযোগ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২১. 'Religion is opium of the people' কে বলেছেন?
(ক) ম্যাকাইভার
(খ) ডুর্খেইম
(গ) কার্ল মার্কস
(ঘ) ই.বি. টেইলর

২২. বিচ্যুতি হলো—
i. ঐতিহ্য পরিপন্থি আচরণ
ii. আইন বিরোধী আচরণ
iii. মূল্যবোধ পরিপন্থি আচরণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. মাদকাসক্তি, পতিতাবৃত্তি, জুয়া খেলা এ জাতীয় অপরাধের বিরুদ্ধে সাধারণত অন্যরা কোনো অভিযোগ আনেন না কেন?
(ক) অপরাধীদের ভয়ে
(খ) অভিযোগ করে ফল না পাওয়ায়
(গ) প্রত্যক্ষভাবে ক্ষতিগ্রস্ত না হওয়ায়
(ঘ) আইন দ্বারা নিষিদ্ধ নয় বলে

২৪. সমাজবিজ্ঞানকে বলা হয়—
(ক) মূল্যবোধভিত্তিক বিজ্ঞান
(খ) বস্তুনিষ্ঠ বিজ্ঞান
(গ) আদর্শনিষ্ঠ বিজ্ঞান
(ঘ) ব্যবহারিক বিজ্ঞান

২৫. 'The Prince' গ্রন্থের লেখক কে?
(ক) হবস (খ) লক্
(গ) ম্যাকিয়াভেলি (ঘ) রুশো

২৬. ব্যক্তির সাথে ব্যক্তির সব ধরনের সামাজিক সম্পর্ককে কী বলা হয়?
(ক) সমাজকাঠামো (খ) সম্প্রদায়
(গ) গোষ্ঠী (ঘ) দল

২৭. অষ্টাদশ শতাব্দীতে কোথায় শিল্প বিপ্লব ঘটে?
(ক) ফ্রান্সে
(খ) জার্মানিতে
(গ) ইটালিতে
(ঘ) ইংল্যান্ডে

২৮. ঐচ্ছিক দল নির্দেশ করে কোনটি?
(ক) পরিবার
(খ) রাজনৈতিক সংগঠন
(গ) সম্প্রদায়
(ঘ) রাষ্ট্র

নিচের উদ্দীপক পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:
মতিন সাহেব তার স্ত্রী, সন্তান এবং বাবা-মাসহ একত্রে বসবাস করেন। মতিন সাহেবের স্ত্রী রহিমা বেগম তার বৃদ্ধ শ্বশুর-শাশুড়ীর যত্ন নেন।

২৯. মতিন সাহেবের পরিবারটি কোন ধরনের?
(ক) অণু পরিবার (খ) যৌথ পরিবার
(গ) বর্ধিত পরিবার (ঘ) দলগত পরিবার

৩০. শ্বশুর-শাশুড়ীর প্রতি রহিমা বেগমের আচরণ পরিবারের কোন ধরনের কাজের অন্তর্ভুক্ত?
(ক) জৈবিক
(খ) মনস্তাত্ত্বিক
(গ) রক্ষণাবেক্ষণমূলক
(ঘ) বিনোদনমূলক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ঘ | ২ | খ | ৩ | খ | ৪ | খ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | ক | ৮ | খ | ৯ | ঘ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | ঘ | ২১ | গ | ২২ | খ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | ক | ২৭ | ঘ | ২৮ | খ | ২৯ | গ | ৩০ | গ |

# সকল বোর্ড-২০১৬

## সমাজবিজ্ঞান প্রথম পত্র

বিষয় কোড : | ১ | ১ | ৭ |

সময়-২ ঘণ্টা ২০ মিনিট; **সৃজনশীল প্রশ্ন** মান: ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১.▶ একটি স্বতন্ত্র বিজ্ঞান হিসেবে সমাজবিজ্ঞানের উদ্ভব ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগের পূর্বে সম্ভব হয়নি। যদিও সমাজ সম্পর্কিত চিন্তার ইতিহাস, সমাজের মতোই অতি প্রাচীন এবং দীর্ঘদিনের। সমাজবিজ্ঞান একটি পূর্ণাঙ্গ এবং স্বতন্ত্র সামাজিক বিজ্ঞান হিসেবে গড়ে ওঠার পেছনে যে সমস্ত চিন্তাবিদদের প্রত্যক্ষ ও পরোক্ষ অবদান রয়েছে, তাদের মধ্যে তিনি নিঃসন্দেহে অন্যতম। যিনি ১৭৯৮ সালে ফ্রান্সে জন্মগ্রহণ করেন।

ক. কোন শব্দ থেকে 'Sociology' শব্দের উৎপত্তি? ১
খ. আসাবিয়া বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে যে সমাজবিজ্ঞানীর কথা বলা হয়েছে, তার পরিচয় বর্ণনা কর। ৩
ঘ. উক্ত সমাজবিজ্ঞানী সমাজ বিকাশের যে তিনটি স্তরের কথা বলেছেন তা বিশ্লেষণ কর। ৪

২.▶




ক. 'সমাজবিজ্ঞান হচ্ছে প্রতিষ্ঠানের বিজ্ঞান।'— সংজ্ঞাটি কোন সমাজবিজ্ঞানীর? ১
খ. 'সমাজবিজ্ঞান হলো সমাজের পূর্ণাঙ্গ পাঠ।'— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোন উপাদানটি বসবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজ ও সভ্যতার অগ্রগতির সাধনে উক্ত উপাদানটির প্রভাব অনস্বীকার্য— বিশ্লেষণ কর। ৪

৩.▶ জন্মের পর একটি মানব শিশুকে তার বোবা মা একটি আলাদা ঘরে দীর্ঘ ছয় বছর লালন-পালন করতে বাধ্য হন। ঐ শিশুকে তিনি অন্য কোনো মানুষের সংস্পর্শে আনতে পারেননি। শিশুটির মা যেহেতু বোবা, তাই তিনি কথাও বলতে পারতেন না এবং কানেও শুনতে পারতেন না। এ কারণে তার শিশুর সঙ্গে তিনি নিজে বাক্‌শক্তি ব্যবহার করে কোনো ভাব বিনিময় করতে পারেননি। ছয় বছর পর শিশুটিকে তার মাসহ উদ্ধার করা হলো। তখন দেখা গেল শিশুটি কোনো কথা বলতে শিখেনি এবং জনসমক্ষে এসে চারপাশের লোকজন দেখে শিশুটি অস্বাভাবিকভাবে প্রতিক্রিয়া জ্ঞাপন করছিল। শিশুটির আচার-আচরণ এবং বুদ্ধিমত্তা ছয় মাসের শিশুর মতো মনে হচ্ছিল।

ক. 'Positive Philosophy' গ্রন্থের লেখক কে? ১
খ. নমুনা জরিপ পদ্ধতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে সমাজের কোন প্রক্রিয়াটির অভাবে শিশুটির স্বাভাবিক বিকাশ বাধাগ্রস্ত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রক্রিয়াটির বাহনগুলো ব্যক্তিকে সমাজের সদস্য হিসেবে গড়ে তোলার ক্ষেত্রে কী ভূমিকা রাখে? বিশ্লেষণ কর। ৪


৪.▶ মাসুদ সাহেব এলাকার খুব একটা ভালো মানুষ হিসেবে পরিচিত নন। তিনি মিথ্যা কথা বলেন, যে কোনো অবৈধ কাজ করার জন্য তিনি ঘুষ নেন। তিনি আয়করও ঠিকমত পরিশোধ করেন না। প্রতিদিন রাতে ক্লাবে গিয়ে জুয়া খেলেন ও মদ্যপান করেন। তার বাবা-মাকেও তিনি ঠিকমতো দেখাশোনা করেন না। বাসায় নিয়োজিত কাজের ছেলেটিকেও সে প্রায়ই মারধর করে।

ক. 'Polygamy' শব্দের অর্থ কী? ১
খ. নৈতিকতার ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে কয় ধরনের অপরাধ সংঘটিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. আইনের দৃষ্টিতে মাসুদ সাহেবের সব কর্মকাণ্ড অপরাধ হিসেবে গণ্য হবে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ রাখালচন্দ্র একজন জেলে। বংশ পরম্পরায় তার পরিবার একই পেশায় কাজ করে আসছে। বিবাহ এবং অন্যান্য সামাজিক সম্পর্ক তাদের একই জাতিবর্ণের লোকজনের সঙ্গেই হয়। কিন্তু তার ছেলে শ্যামা প্রসাদ একজন ব্রাহ্মণের মেয়েকে পছন্দ করে ও তাকে বিয়ে করতে চায়।


ক. 'The Protestant Ethic and the Spirit of Capitalism' বইটির লেখক কে? ১
খ. অবস্তুগত সম্পত্তি বলতে কী বোঝ? উদাহরণ দাও। ২
গ. উদ্দীপকে সামাজিক স্তরবিন্যাসের কোন প্রকরণের বৈশিষ্ট্য ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. শ্যামা প্রসাদের আচরণে স্তরবিন্যাসের কোন দিকটি পরিলক্ষিত হয়? বর্তমান সময়ে উক্ত দিকটির প্রভাব হ্রাস পাচ্ছে— বিশ্লেষণ কর। ৪

৬.▶




ক. 'Culture is what we are'— সংজ্ঞাটি কার? ১
খ. 'প্রকৃতি পূজা' বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের তত্ত্বটি কোন সমাজবিজ্ঞানীর কোন তত্ত্ব হিসেবে পরিচিত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত তত্ত্বের প্রভাবেই ব্যক্তি, বস্তু এবং সমাজের উৎপত্তি, বিকাশ ও পরিবর্তন ঘটে— বিশ্লেষণ কর। ৪

৭.▶




ক. 'মিথ্যার অপনোদন ও সত্যের আবিষ্কারই হলো শিক্ষা।'— উক্তিটি কার? ১
খ. জেন্ডার ধারণাটি বর্তমান সময়ে খুবই গুরুত্বপূর্ণ— ব্যাখ্যা কর। ২
গ. '?' চিহ্নিত স্থানে কী হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টিই জীবনের সবচেয়ে মূল্যবান সম্পদ— বিশ্লেষণ কর। ৪

৮.▶




ক. Al-Umarn বা সংস্কৃতি বিজ্ঞান ধারণাটি কার? ১
খ. সামাজিক নিরাপত্তার ধারণাটি অত্যন্ত সময়োপযোগী— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কোন মতবাদটির অন্যতম প্রবক্তা হলেন রুশো, হবস্ ও জন লক? উক্ত মতবাদটির গুরুত্ব ও তাৎপর্য ব্যাখ্যা কর। ৩
ঘ. '?' চিহ্নিত স্থানে কোন প্রতিষ্ঠানটি হবে? উক্ত প্রতিষ্ঠানটির ক্ষেত্রে সর্বাপেক্ষা গ্রহণযোগ্য মতবাদ কোনটি এবং কেন? বিশ্লেষণ কর। ৪

৯.▶ মাহমুদ সাহেব একজন সরকারি কর্মকর্তা। একদিন একটি প্রভাবশালী মহল তাদের একটি কাজ পাইয়ে দেয়ার জন্য তাকে ঘুষ দিতে চায়। কিন্তু মাহমুদ সাহেব তাদের সেই প্রস্তাব প্রত্যাখ্যান করেন এবং তিনি তাদের বোঝান, যোগ্যতা থাকলে কাজ পেতে ঘুষ দেয়া লাগে না।

ক. Ageism শব্দের অর্থ কী? ১
খ. পরিবারের মনস্তাত্ত্বিক কাজ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মাহমুদ সাহেবের মধ্যে যে গুণটির উপস্থিতি লক্ষ করা যায় তার স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সমাজ জীবনকে কলুষতামুক্ত করতে উক্ত বিষয়ের বিকল্প নেই'— তুমি কি এই বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

# শীর্ষস্থানীয় কলেজসমূহের প্রশ্নপত্র: সৃজনশীল

## সকল বোর্ড



### ১. ঢাকা কলেজ, ঢাকা

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র** পূর্ণমান — ৭০

১.▶ সানি ঢাকা কলেজের সমাজবিজ্ঞান বিভাগের ছাত্র। তার গ্রামের নাম সেনপাড়া। এ গ্রামের মেয়েরা বেশির ভাগই অশিক্ষিত। যৌতুক, বাল্যবিবাহ সেখানকার নিত্য নৈমিত্তিক ঘটনা। এসব ঘটনাকে কেন্দ্র করে বহু নারী নির্যাতনের ঘটনা ঘটে গ্রামটিতে। উচ্চ শিক্ষা শেষ করে সানি নিজ এলাকার এ সমস্যা দূরীকরণের কাজ করতে ইচ্ছুক।

ক. The Politics গ্রন্থটি কার লিখা? ১

খ. সমাজবিজ্ঞানের সাথে নৃবিজ্ঞান ঘনিষ্ঠভাবে সম্পর্কযুক্ত— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে বর্ণিত সেনপাড়া গ্রামের সমস্যাসমূহ সমাজবিজ্ঞানের কোন শাখার আলোচ্য বিষয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. সানির ইচ্ছা পূরণে সমাজবিজ্ঞানের জ্ঞান কীভাবে সাহায্য করতে পারে? তোমার মতামত দাও। ৪

২.▶ সমস্যা নির্বাচন>নকশা প্রণয়ন>নমুনা নির্বাচন>প্রশ্নমালা তৈরী>তথ্য সংগ্রহ>তথ্য বিশ্লেষণ>প্রতিবেদন লিখন।

ক. বিজ্ঞান কী? ১

খ. 'পরিসংখ্যান কোন পদ্ধতি নয়, কৌশল'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ধাপগুলো সমাজ গবেষণার কোন পদ্ধতির ক্ষেত্রে প্রযোজ্য— ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত পদ্ধতির সফল প্রয়োগের জন্য একটি উৎকৃষ্ট নমুনায়ন প্রয়োজন'— বিশ্লেষণ কর। ৪

৩.▶ পিতার মৃত্যুর পর ব্যারিস্টার দেবাশীষ রায়, চাকমা সার্কেলের রাজার পদ গ্রহণ করেন। তিনি তার অধীনস্ত হেডম্যান ও কারবারীদের সহযোগিতায় চাকমা সমাজের শান্তি শৃঙ্খলা রক্ষা, বিরোধ মীমাংসাসহ ভূমি ব্যবস্থাপনার দায় দায়িত্ব ও পালন করেন। জেলা প্রশাসক তার প্রশাসনিক দায়িত্ব পালনের ক্ষেত্রে চাকমা রাজার সহযোগিতা গ্রহণ করে থাকেন।

ক. শ্রেণি সংগ্রাম তত্ত্বের প্রবক্তা কে? ১

খ. আদিম সমাজে বিদ্যমান সংহতিকে ডুর্খিম কেন যান্ত্রিক সংহতি বলেছেন? ২

গ. উদ্দীপকে ব্যারিস্টার দেবাশীষ রায় এর কর্তৃত্ব ম্যাক্সওয়েবার বর্ণিত কোন ধরনের কর্তৃত্বের সাথে সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত কোন পদের দায়িত্ব-কর্তব্য লিখিত বিধিবিধান দ্বারা পরিচালিত ও নিয়ন্ত্রিত? বিশ্লেষণ কর। ৪

৪.▶ প্রবাসী নাভিদ দীর্ঘদিন পর নিজ গ্রামে এসে দেখলো, বেশির ভাগ গ্রামবাসী অজ্ঞ, নিরক্ষর এবং কুসংস্কারাচ্ছন্ন। কৃষিতে আধুনিক প্রযুক্তির ছোঁয়া লাগেনি। কৃষকেরা তাদের উৎপাদিত ফসলের ন্যায্য মূল্য পায় না। এই সমস্যা থেকে উত্তরণের জন্য নাভিদ গ্রামের কিছু শিক্ষিত যুবককে নিয়ে 'তারুণ্য' নামক একটি সংগঠন গড়ে তুললো। যার প্রথম ও প্রধান কাজ গ্রামে শিক্ষার আলো ছড়িয়ে দেওয়া, মানুষকে সচেতন করে তোলা। কিন্তু গ্রামের সকল তরুণ এই সংগঠনের সদস্য হলো না।

ক. 'Cultural lag' তত্ত্বটি কে প্রদান করেন ১

খ. 'জাতি বর্ণ প্রথা বদ্ধ ব্যবস্থা'— বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকের 'তারুণ্য' নামক সংগঠনটি সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়কে নির্দেশ করছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'তারুণ্য' নাভিদের গ্রামের উন্নয়নে কী রূপ ভূমিকা রাখতে পারে বলে তুমি মনে কর? ৪

৫.▶ রতন ও বিভাস দুই বন্ধু। রতন পরিবারের সম্মতিক্রমে তার মামাতো বোনকে বিয়ে করে। কিন্তু বিভাসের জন্য উপযুক্ত পাত্রী পেতে তার পরিবারকে বেশ বেগ পেতে হয়। কারণ জাতপাত মিলিয়ে তবেই তার জন্য পাত্রী নির্বাচন করা হয়েছে।

ক. জ্ঞাতি সম্পর্ক কী? ১

খ. সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া— বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে বিভাসের বিবাহের ধরণটি চিহ্নিত কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিবাহের ধরণসমূহের সামাজিক তাৎপর্য ব্যাখ্যা কর। ৪

৬.▶ দীপ ঢাকায় বসবাস করে। প্রতিদিনের যানজট অপরিকল্পিত দালান— কোঠা ও ঘিঞ্জি পরিবেশ তার আর ভালো লাগে না। একদিন তার বাবা-মা তাকে নিয়ে বান্দরবন বেড়াতে যায়। সেখানে যে হোটেলে তারা অবস্থান করছে তা ছিল বাঁশ ও ছনের তৈরী একটি ঘর। সেখানে পাহাড়-পর্বত, আঁকা বাঁকা রাস্তা, খাবার-দাবার প্রত্যেকটি বিষয় তার ভালো লেগেছে। সে ভাবছে ঢাকা শহরটি যদি এমন হতো।

ক. মানব সমাজে প্রভাব বিস্তারকারী উপাদান কয়টি? ১

খ. সংস্কৃতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বর্ণিত হোটেল ঘরটির বৈশিষ্ট্যে সমাজবিজ্ঞানের কোন উপাদানের প্রভাব পরিলক্ষিত হয়? ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত 'এলাকা দুটোর জীবনযাপনের ভিন্নতা সমাজ জীবনে প্রভাব বিস্তারকারী উপাদানের ভিন্নতার ফল'—বিশ্লেষণ কর। ৪

৭.▶ সন্তান সবচেয়ে প্রিয় ও আদরের। আজকাল ব্যস্ততার কারণে বাবা-মা সন্তানকে প্রয়োজনীয় সময় দিতে পারে না। এ সুযোগে সন্তানরা বিভিন্ন বায়না করে, অসৎ সঙ্গ পায় এবং বিভিন্ন ধরনের অপরাধমূলক কর্মকাণ্ডে লিপ্ত হয়ে পড়ে।

ক. সামাজিকীকরণের প্রধান মাধ্যম কোনটি? ১

খ. সামাজিকীকরণ কী? ২

গ. উদ্দীপকে সামাজিকীকরণের কোন মাধ্যমের দুর্বলতা প্রকাশিত হয়েছে? বুঝিয়ে লিখ। ৩

ঘ. 'সঠিক সামাজিকীকরণের অভাবে সমাজ অশান্ত হচ্ছে'— তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৮.▶ গৌরাঙ্গের পরিবার বংশ পরম্পরায় জেলে। গত বছর তার ছেলে রমেশ বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হয়ে সরকারি চাকরিতে যোগ দেয়। গৌরাঙ্গের ইচ্ছা তিনি তার ছেলে রমেশকে তাদের গ্রামের উচ্চ বংশীয় চক্রবর্তী পরিবারে বিয়ে করাবেন। সে অনুযায়ী গৌরাঙ্গ প্রস্তাব পাঠান এবং চক্রবর্তী পরিবার ও এতে সম্মতি প্রকাশ করে।

ক. সামাজিক বিবর্তনবাদ তত্ত্বের প্রবক্তা কে? ১

খ. বংশপতির প্রভাব কী? বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপকে সামাজিক স্তরবিন্যাসের কোন প্রকরণের বৈশিষ্ট্য ফুটে উঠেছে?— ব্যাখ্যা কর। ৩

ঘ. 'বর্তমান সমাজ ব্যবস্থায় জাতিবর্ণ প্রথার প্রভাব শিথিল হয়ে পড়েছে'— তুমি কী একমত? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

৯.▶ করিম সাহেব গ্রামে একজন জনপ্রিয় ব্যক্তিত্ব। তিনি গ্রামের বিভিন্ন মানুষকে বিভিন্ন কাজের নির্দেশ করলে লোকজন তার ডাকে সাড়া দিয়ে সে কাজ করে দিতো। পরবর্তীতে গ্রামবাসী করিম সাহেবকে ইউনিয়ন পরিষদ নির্বাচনে দাঁড় করিয়ে দিলে তিনি নির্বাচিত হন। নির্বাচিত হবার পরে তিনি গ্রামের লোকদের দিয়ে কাজকর্ম করাতেন এবং মন্দ কাজের জন্য শাস্তির ব্যবস্থা করাতেন।

ক. শিক্ষা কী? ১

খ. 'দুর্নীতি প্রতিরোধে নৈতিকতার ভূমিকা রয়েছে 'আলোচনা কর। ২

গ. করিম সাহেব নির্বাচিত হওয়ার পূর্বে তার কাজ কর্মের দ্বারা সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়টির সাথে মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. করিম সাহেব নির্বাচিত হওয়ার পূর্বে এবং পরে তার কাজ কর্মে ও নেতৃত্বে সমাজবিজ্ঞানের দৃষ্টিকোণ থেকে পার্থক্য রয়েছে বিশ্লেষণ কর। ৪

১০.▶ সমাজে বসবাসের ক্ষেত্রে শিক্ষা, সম্পদ ও মর্যাদা গুরুত্বপূর্ণ। কিন্তু এগুলো অর্জন করা ব্যক্তির জন্য সহজ নয়। ফলে অনেকে অসৎ পথ অবলম্বন করে।

ক. অপরাধের পেছনে ভৌগলিক কারণকে দায়ী করেছেন কে? ১

খ. বিচ্যুতি বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত কারণ কোন অপরাধ বিজ্ঞানীর তত্ত্বে প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত তত্ত্ব সমাজে দুর্নীতি কমাতে কীভাবে সহায়ক? ব্যাখ্যা কর। ৪

১১.▶ একজন শিক্ষক তার ক্লাসে পড়াচ্ছিলেন যে, কোন সমাজই স্থির নয়। মানুষের সাথে মানুষের পারস্পরিক সম্পর্কের মধ্যে অনেক টানা পড়েন দেখা যায়। মানুষ কাজের জন্য বিভিন্ন দিকে যাচ্ছে। ফলে তার সামাজিক প্রতিষ্ঠানে ও নতুনত্ব দেখা দিচ্ছে। নতুন নতুন জ্ঞান বিজ্ঞানের আবিষ্কারের ফলে মানুষের জীবন সহজ ও স্বাচ্ছন্দময় হয়ে উঠছে। আবার জীবনে বিভিন্ন জটিলতা ও তৈরী হচ্ছে।

ক. মৌল কাঠামো কী? ১

খ. 'উন্নয়ন ও প্রগতির মধ্যে পার্থক্য আছে'— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়ের কথা বলা হয়েছে?— ব্যাখ্যা কর। ৩

ঘ. 'নতুন নতুন জ্ঞান বিজ্ঞানের অগ্রগতি উক্ত উপাদানটির গতি দ্রুত করছে'— তুমি কী এই বক্তব্যের সাথে একমত? তোমার মতের স্বপক্ষে যুক্তি দাও। ৪

## ২. শহীদ বীর বিক্রম রমিজউদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট সমাজবিজ্ঞান প্রথম পত্র পূর্ণমান — ৭০

১.▶ সমাজবিজ্ঞানকে স্বতন্ত্র বিজ্ঞান হিসাবে প্রতিষ্ঠিত করতে যে সকল সমাজবিজ্ঞানী অগ্রণী ভূমিকা পালন করেন তাদের মধ্যে তার নাম বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি ১৩৩২ খ্রি: এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

ক. The Suicide গ্রন্থের লেখক কে? ১
খ. দৃষ্টবাদ কী ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে নির্দেশিত সমাজবিজ্ঞানীর ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত সমাজবিজ্ঞানীর সমাজবিজ্ঞানের উদ্ভব ও বিকাশে তার অবদান লিপিবদ্ধ কর। ৪

২.▶





ক. সংস্কৃতির বহুল প্রচলিত সংজ্ঞাটি কে দিয়েছেন? ১
খ. শিশুর ব্যক্তিত্ব বিকাশে সঙ্গীদলের ভূমিকা অপরিসীম যথার্থতা ব্যাখ্যা কর। ২
গ. সমাজ ও সভ্যতা বিকাশে উক্ত উপাদানের প্রভাব আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে কোন বিষয়টির ইঙ্গিত করা হয়েছে ব্যাখ্যা কর। ৪

৩.▶ স্কুল পড়ুয়া দুই ভাই অয়ন ও আবিদ। তাদের পড়ালেখায় একেবারেই মন নেই। তারা যে বখাটে ছেলেদের সাথে ঘুরে বেড়ায় তাদের পিতা-মাতার এ বিষয়ে নজর দেবার সময় নেই এবং তাদের মধ্যে বেশির ভাগ সময় ঝগড়া লেগে থাকে।

ক. সামাজিক নিয়ন্ত্রণ কী? ১
খ. রাষ্ট্র গঠনের অন্যতম উপাদান কী? ব্যাখ্যা কর। ২
গ. অয়ন ও আবিদের চরিত্র গঠনে সামাজিকীকরণের কোন উপাদানটির প্রভাব বেশি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিকীকরণের ক্ষেত্রে উদ্দীপকে যে বিষয়টির ইঙ্গিত করা হয়েছে তার ভূমিকা বর্ণনা কর। ৪

৪.▶ নিচের চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।





ক. Republic গ্রন্থের রচয়িতা কে? ১
খ. পদ্ধতি বলতে কী বোঝ? ২
গ. '?' চিহ্নিত স্থানে কোন প্রত্যয় বসবে? বাংলাদেশে শহর জীবনে তুমি এর যে প্রকৃতি লক্ষ কর তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত এস্টেট প্রথার শ্রেণিবিভাগ বিশ্লেষণ কর। ৪

৫.▶ A দলের সদস্যদের মধ্যে নিবিড় সম্পর্ক ও আমরা ভাব বিদ্যমান।
B দলের সদস্যদের মধ্যে ব্যক্তি নিরপেক্ষ সম্পর্ক বিদ্যমান।

ক. সমাজজীবনে প্রভাব বিস্তারকারী চারটি উপাদান উল্লেখ কর। ১
খ. "রাষ্ট্র ও সরকার এক নয়" বুঝিয়ে লিখ। ২
গ. উদ্দীপকে বর্ণিত A দলটি কোন প্রত্যয়কে নির্দেশ করেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. A ও B দুটোই দলের শ্রেণিবিভাগ হলেও উভয়ের মধ্যে কি সুস্পষ্ট পার্থক্য রয়েছে বলে তুমি মনে কর? ব্যাখ্যা কর। ৪

৬.▶




চিত্র-১ চিত্র-২

ক. কোন অঞ্চলে মানুষের বসবাসের সবচেয়ে বেশি উপযোগী? ১
খ. বংশগতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে চিত্র ১ ও চিত্র ২ এ কোন কোন মৌল প্রত্যয়ের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? তার প্রকৃত রূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলোর মধ্যকার বৈসাদৃশ্যমূলক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৭.▶ সমাজবিজ্ঞানের শিক্ষক প্রাচীন এবং ক্ষুদ্রতম এমন একটি প্রতিষ্ঠানের আলোচনা করেন যেটি কর্তৃত্ব, বংশমর্যাদা ও উত্তরাধিকার এবং বসবাসের ইত্যাদি নানা ভিত্তিতে বিভিন্ন রকমের হয়ে থাকে।

ক. অন্তর্বিবাহ কী? ১
খ. ক্ষমতা ও কর্তৃত্বের সম্পর্ক বুঝিয়ে লিখ। ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টি একটি সংজ্ঞা উল্লেখ করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি কী কী ধরন রয়েছে তা ছক আকারে বর্ণনা কর। ৪

৮.▶




ক. ত্রয় স্তর সূত্র এর ইংরেজি কী? ১
খ. সংঘ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে '?' স্থানে যা বসবে তার বৈশিষ্ট্য আলোচনা কর। ৩
ঘ. শিক্ষার সম্প্রসারণের ফলে উক্ত বিষয়ের মধ্যে কঠোরতার পরিবর্তে শিথিলতা দেখা যায় ব্যাখ্যা কর। ৪

৯.▶ সীমু তার বাবা-মার সাথে বিদেশে বসবাস করে। সম্প্রতি সে দেশে বেড়াতে এসে ঢাকার মহিলা সমিতির নাট্যমঞ্চে বাবা-মার সাথে নাটক উপভোগ করার সময় বিদ্যুৎ চলে গেলে বিকল্প ব্যবস্থা হিসেবে কর্তৃপক্ষ জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করে।

ক. বৈজ্ঞানিক পদ্ধতি কী? ১
খ. আসাবিয়া কী? বুঝিয়ে দাও। ২
গ. উদ্দীপকের সীমু ও তার বাবা-মার নাটক উপভোগ করা কোন সংস্কৃতির অন্তর্ভুক্ত? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বিদ্যুতের বিকল্প ব্যবস্থা সভ্যতার উৎকর্ষতাই প্রমাণ করে- বিশ্লেষণ কর। ৪

১০.▶ নিচের ছকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।




ক. Das Capital গ্রন্থের লেখক কে? ১
খ. সামাজিকীকরণে শিক্ষাপ্রতিষ্ঠান কী ভূমিকা রাখে? ২
গ. উপরের ছকে 'ক' চিহ্নিত স্থানে সমাজজীবনের প্রভাব বিস্তারকারী যে উপাদানটির ইঙ্গিত রয়েছে তা বর্ণনা কর। ৩
ঘ. উক্ত উপাদানটি সমাজজীবনকে কী কী ভাবে প্রভাবিত করে তা বর্ণনা কর। ৪

১১.▶ মাহমুদ সাহেব একজন সরকারি কর্মকর্তা। একদিন একটি প্রভাবশালী মহল তাদের একটি কাজ পাইয়ে দেয়ার জন্য তাকে ঘুষ দিতে চায়। কিন্তু তিনি তা প্রত্যাখ্যান করে তাদের বোঝান, যোগ্যতা থাকলে কাজ পেতে ঘুষ দেয়া লাগে না।

ক. Ageism শব্দের অর্থ কী? ১
খ. পরিবারের মনস্তাত্ত্বিক কাজ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে মাহমুদ সাহেবের মধ্যে যে গুণটির উপস্থিতি লক্ষ করা যায় তার স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনকে কলুষতা মুক্ত করতে উক্ত বিষয়ের বিকল্প নেই— তুমি কি এই বক্তব্যের সাথে একমত? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও। ৪

## ৩. ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র** পূর্ণমান — ৭০

১.▶ একাদশ শ্রেণির 'ক' শিক্ষার্থী সংবাদপত্রের মাধ্যমে জানতে পারলো মধ্যযুগের সমাজ ছিল ঐতিহ্যনির্ভর, সু-স্থির গতিহীন ও অপরিবর্তনীয়। যে সময়ের গ্রামীণ জীবনে বর্তমানের মত সামাজিক গতিশীলতা ছিল না। ঋতুচক্রের মতই তাদের জীবন ছিল জন্ম-মৃত্যুর চক্রে আবদ্ধ অথচ বর্তমান সমাজ হচ্ছে প্রচণ্ড রকম গতিশীল একটি সমাজ। এই সংবাদটি পড়ার পর 'ক' শিক্ষার্থীর মনে হলো যে এ বিষয়টি সমাজবিজ্ঞানের প্রকৃতির সাথে সাদৃশ্যপূর্ণ।

ক. সমাজ বিজ্ঞানের ইংরেজী প্রতিশব্দ কী? ১
খ. সমাজবিজ্ঞানের সর্বজনস্বীকৃত কোন সংজ্ঞা নাই কেন? ২
গ. উদ্দীপকের 'ক' শিক্ষার্থীর বিষয়টি মনে করার যৌক্তিকতা বিশ্লেষণ কর। ৩
ঘ. উক্ত সংবাদটি আংশিক সত্য তুমি কি এ বক্তব্যের সাথে একমত? আলোচনা কর। ৪

২.▶ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী রাতুল ও পলাশের সম্পর্কটা অনেক ঘনিষ্ঠ কিন্তু সমাজবিজ্ঞানের উৎপত্তি সম্পর্কে দুজনের মধ্যে প্রায়ই বিতর্ক সৃষ্টি হয়। অর্থাৎ রাতুল মনে করে ঐতিহাসিক বিবর্তনের ধারণার মাধ্যমে সমাজবিজ্ঞানের উদ্ভব। কিন্তু পলাশ মনে করে বিবর্তনবাদী মতবাদের মাধ্যমে সমাজবিজ্ঞানের উৎপত্তি হয়েছে।

ক. Dictionary of Sociology গ্রন্থটির লেখক কে? ১
খ. সামাজিক জনবিজ্ঞান গড়ে উঠেছে কেন? ২
গ. সমাজবিজ্ঞানের উৎপত্তিতে রাতুলের ধারণাটি ব্যাখ্যা কর। ৩
ঘ. রাতুল ও পলাশের এ দুটি ধারণা ছাড়া ও সমাজবিজ্ঞানের উৎপত্তির পেছনে রয়েছে আরও ভিন্ন ধারণা— বিশ্লেষণ কর। ৪

৩.▶ অষ্টাদশ শতাব্দীতে ইংল্যান্ডের শিল্প বিপ্লবের পর সমাজ জীবনে যে বৈপ্লবিক পরিবর্তন ঘটেছে তারই প্রেক্ষাপটে সমাজবিজ্ঞানের উদ্ভব ঘটেছে। আর এই সমাজবিজ্ঞান ধর্ম, সংস্কৃতি, আইন বিভিন্ন বিষয় নিয়ে পাঠ করে।

ক. 'সমাজবিজ্ঞান হলো সামাজিক ক্রিয়াকর্ম ও সামাজিক সম্পর্কের বিজ্ঞান' উক্তিটি কার? ১
খ. পরিবারের সমাজবিজ্ঞান কোন কোন বিষয় নিয়ে আলোচনা করে। ২
গ. উদ্দীপকে সমাজবিজ্ঞান যে বিষয়গুলি নিয়ে পাঠ করে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উল্লিখিত বিষয়গুলি ছাড়া সমাজবিজ্ঞানের পরিধি ব্যাপক— আলোচনা কর।৪


৪.▶ যেকোন বিষয় অধ্যয়ন করতে গেলে মামুন সাহেব শব্দ কোষ অভিধানে এর উৎপত্তি সম্পর্কে সন্ধান করেন। ঠিক তেমনি একদিন ল্যাটিন শব্দ Socious ও গ্রীক শব্দ Logos থেকে একটি বিজ্ঞানের উদ্ভব সম্পর্কে জানলেন। এ বিজ্ঞানের মনীষিগণ এখনও এর প্রামাণ্য কোন সংজ্ঞা দিতে পারেননি। তবে মনীষিগণ বলেন, সমাজবদ্ধ মানুষের পারস্পরিক সম্পর্কের ওপর গড়ে উঠেছে এ বিজ্ঞান।

ক. Socious শব্দের অর্থ কী? ১
খ. সামাজিক জনবিজ্ঞান বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মামুন সাহেব কোন বিজ্ঞান সম্পর্কে জানলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সমাজবদ্ধ মানুষের পারস্পরিক সম্পর্কের ওপর গড়ে উঠে উক্ত বিজ্ঞান'— উক্তিটি কতটা যৌক্তিক বলে তুমি মনে কর। ৪

৫.▶ জনৈক গবেষক 'বাল্যবিবাহের প্রতি গ্রামবাসীর মনোভাব' এ বিষয়ে গবেষণা করার সিদ্ধান্ত নিলেন। এ পর্যায়ে তিনি প্রথমে গবেষণার সমস্যা নির্বাচন, সমস্যা সম্পর্কে তথ্য সংগ্রহ, তথ্যের শ্রেণিবিন্যাস এবং সমস্যার সমাধানের জন্য ভবিষ্যদ্বাণী করে তার গবেষণা শেষ করলেন।

ক. গবেষণা কী? ১
খ. পদ্ধতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মামুন সাহেব গবেষণার ক্ষেত্রে যে পর্যায়গুলি অবলম্বন করেছেন তা কি বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মামুন সাহেব গবেষণা কার্যে যে পর্যায়গুলি প্রয়োগ করেছেন— তা বিশ্লেষণ কর। ৪

৬.▶




ক. Repubic গ্রন্থের রচয়িতা কে? ১
খ. সমাজ গবেষণায় ভবিষ্যদ্বাণী বলতে কী বোঝায়? ২
গ. প্রদত্ত ছকে '?' চিহ্নিত স্থানে কোন বিষয়টি প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. 'উক্ত বিষয়টির প্রয়োগ সমাজবিজ্ঞানকে বস্তুনিষ্ঠ করে তোলে'— উক্তিটি বিশ্লেষণ কর। ৪

৭.▶ হবিগঞ্জ জেলার চুনারুঘাট থানার গঙ্গাসাগর গ্রামে সম্প্রতি বিবাহের ক্ষেত্রে যৌতুক প্রথা ও বাল্য বিবাহ বেড়ে চলেছে। পরিসংখ্যানে দেখা যায়, এ থানায় বছরে শতকরা ৯৯ জনের বিবাহ যৌতুকের বিনিময়ে সম্পন্ন হয়। সামাজিক এই প্রথার রহস্য উদ ঘাটনের জন্য 'ক' বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের কয়েকজন গবেষক উক্ত থানায় গেলেন এবং তারা কেস স্টাডি হিসাবে গবেষণা শুরু করলেন।

ক. বিজ্ঞান কী? ১
খ. বৈজ্ঞানিক পদ্ধতি অনুসরণ করা হয় কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত বিষয়ে গবেষণার ক্ষেত্রে কোন পদ্ধতিটি বেছে নেওয়া হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত পদ্ধতি ছাড়াও অন্য কোন পদ্ধতিতে গবেষণাটি সম্পন্ন করা সম্ভব বলে তুমি কী মনে কর। যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৮.▶ নবম শ্রেণির শিক্ষার্থী রোকন বিভিন্ন কারণে প্রায়ই বিষণ্ণ থাকে। বিদ্যালয়ে যেতে তার ভাল লাগে না। পড়াশোনায় মন বসাতে পারে না। জীবনের প্রতি বিতৃষ্ণা জন্মেছে তার।

ক. বৈজ্ঞানিক পদ্ধতির স্তর কয়টি? ১
খ. উদ্দীপকে রোকনের সমস্যাটির কারণ উদ ঘাটনের জন্য সমাজবিজ্ঞানের কোন গবেষণা পদ্ধতিটি উপযুক্ত? আলোচনা কর। ২
গ. উদ্দীপকে রোকনের সমস্যাটির কারণ উদ ঘাটনের জন্য সমাজবিজ্ঞানের কোন গবেষণা পদ্ধদিটি উপযুক্ত? আলোচনা কর। ৩
ঘ. সমাজ গবেষণার উক্ত পদ্ধতির সুবিধা-অসুবিধা সমূহ মূল্যায়ন কর। ৪

৯.▶ একজন সমাজ সংস্কারক হিসাবে বদরুল আলম এলাকায় বেশ খ্যাতি অর্জন করেছে। মানব ঐক্যের প্রবক্তা হিসাবে অগাস্ট কোঁৎকেই তিনি অনুসরণ করেন। অগাস্ট কোঁৎ-এর দর্শন ও দার্শনিক তত্ত্বের ভিতর বদরুল আলম মানবতার ঐক্যের যৌক্তিক গুরুত্ব খুঁজে পান।


ক. টোটেমবাদ কী? ১
খ. স্পেন্সারের আদর্শ সমাজ বলতে কী বোঝায়? ২
গ. বদরুল আলমের সমাজসংস্কার কয়টি দৃষ্টিকোন থেকে ব্যাখ্যা করা সম্ভব?৩
ঘ. 'মানব ঐক্যের প্রবক্তা হিসাবে উদ্দীপকে উল্লিখিত সমাজবিজ্ঞানের প্রকৃত অর্থেই অনুসরণীয়'— বিশ্লেষণ কর। ৪

১০.▶ পাবলিক লাইব্রেরীতে মুনিয়া সমাজবিজ্ঞানের একটি বই পড়ে একজন মহামনীষির জীবন সম্পর্কে জানতে পারে যাকে সমাজবিজ্ঞানের আদি প্রতিষ্ঠাতা বলা হয়। বইটি পড়ে সে সমাজবিজ্ঞানের উদ্ভব ও ক্রমবিকাশে এই মহামনীষির অবদান সম্পর্কে জানতে পারে ।

ক. মার্কসবাদের প্রাণপুরুষ বলা হয় কাকে? ১
খ. অগাস্ট কোঁৎ কে সমাজবিজ্ঞানের জনক বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে মুনিয়া যে মহামণীষি সম্পর্কে জানতে পারে তার পরিচয় ব্যাখ্যা কার। ৩
ঘ. সমাজবিজ্ঞানের উদ্ভব ও ক্রমবিকাশে উক্ত মনীষির অবদান মূল্যায়ণ কর। ৪

১১.▶ প্রদত্ত ছকটির আলোকে প্রশ্নগুলির উত্তর লেখ :

ম্যাক্স ওয়েবারীয় সামাজিক স্তরবিন্যাস তত্ত্ব




ক. বিবর্তনবাদের মূল প্রবক্তা কে ছিলেন? ১
খ. নৈরাজ্যমূলক আত্মহত্যা সম্পর্কে কী জান? ২
গ. প্রদত্ত ছকে '?' চিহ্নিত স্থানে যা নির্দেশ করছে সেটি বর্ণনা কর। ৩
ঘ. ছকে উল্লিখিত 'ম্যাক্স ওয়েবারে তত্ত্বটি বহু রৈখিক।'— বিশ্লেষণ কর। ৪

## ৪. মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র** পূর্ণমান — ৭০

১.▶ একটি স্বতন্ত্র বিজ্ঞান হিসেবে সমাজবিজ্ঞানের উদ্ভব ঊনবিংশ শতাব্দীর মধ্যভাগের পূর্বে সম্ভব হয়নি। যদিও সমাজ সম্পর্কিত চিন্তার ইতিহাস, সমাজের অতি প্রাচীন। সমাজ বিজ্ঞান একটি পূর্ণাঙ্গ এবং স্বতন্ত্র সামাজিক বিজ্ঞান হিসেবে গড়ে ওঠার পেছনে যে সমস্ত চিন্তাবিদদের প্রত্যক্ষও পরোক্ষ অবদান রয়েছে, তাদের মধ্যে তিনি নিঃসন্দেহে অন্যতম। যিনি ১৭৯৮ সালে ফ্রান্সে জন্মগ্রহণ করেন।


ক. কোন শব্দ থেকে 'Sociology' শব্দের উৎপত্তি? ১
খ. আসাবিয়া বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে যে সমাজবিজ্ঞানীর কথা বলা হয়েছে, তার বর্ণনা দাও। ৩
ঘ. উক্ত সমাজ বিজ্ঞানী সমাজবিকাশের যে তিনটি স্তরের কথা বলেছেন? তা বিশ্লেষণ কর। ৪

২.▶




ক. 'সমাজ বিজ্ঞান হচ্ছে প্রতিষ্ঠানের বিজ্ঞান'— সংজ্ঞাটি কোন সমাজবিজ্ঞানীর? ১
খ. 'সমাজ বিজ্ঞান হলো সমাজের পূর্ণাঙ্গ পাঠ— ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের '?' চিহ্নিত স্থানে কোন উপাদান বসবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজ ও সভ্যতার অগ্রগতি সাধনে উক্ত উপাদানটির প্রভাব অনস্বীকার্য— বিশ্লেষণ কর। ৪

৩.▶





ক. 'মিথ্যার অপনোদন ও সত্যের আবিষ্কারই হলো শিক্ষা'— উক্তিটি কার? ১
খ. জেন্ডার ধারণাটি বর্তমান সময়ে খুবই গুরুত্বপূর্ণ— ব্যাখ্যা কর। ২
গ. '?' চিহ্নিত স্থানে কী হবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত বিষয়টি জীবনের সবচেয়ে মূল্যবান সম্পদ— বিশ্লেষণ কর। ৪

৪.▶




ক. AL-Umran বা সংস্কৃতি বিজ্ঞান ধারণাটি কার? ১
খ. সামাজিক নিরাপত্তার ধারণাটি অত্যন্ত সময়োপযোগী ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের কোন মতবাদটির অন্যতম প্রবক্তা হলেন রুশো হবস ও জন লক? উক্ত মতবাদটির গুরুত্ব ও তাৎপর্য ব্যাখ্যা কর। ৩
ঘ. '?' চিহ্নিত স্থানে কোন প্রতিষ্ঠানটি হবে? উক্ত প্রতিষ্ঠানটির ক্ষেত্রে সর্বাপেক্ষা গ্রহণযোগ্য মতবাদ কোনটি এবং কেন? বিশ্লেষণ কর। ৪

৫.▶




ক. সামাজিক গতিশীলতাকে কয়টি ভাগে ভাগ করা যায়? ১
খ. সংঘ বলতে কী বোঝ? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে চিত্র 'ক' ও চিত্র 'খ'— এ কোন কোন মৌল প্রত্যয়ের বৈশিষ্ট্য প্রকাশ পেয়েছে? তার প্রকৃত রূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়গুলোর মধ্যকার বৈসাদৃশ্য মূলক সম্পর্ক বিশ্লেষণ কর। ৪

৬.▶ জিহান একটি প্রতিষ্ঠানের কার্যাবলি সম্পর্কে আলোচনা করতে গিয়ে প্রথমে এর জৈবিক কাজ, অর্থনৈতিক কাজ, ধর্মীয় কাজের কথা বর্ণনা করেন। তিনি বলেন, এটি এমন সংগঠন যার সদস্যারা একত্রে বসবাস করে এবং সদস্যদের মাঝে সম্পত্তি উত্তরাধিকার বণ্টন হয়।

ক. সামাজিকীকরণের সবচেয়ে শক্তিশালী মাধ্যম কোনটি? ১
খ. বিশ্বায়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে যে বিষয়টির প্রতিফলন ঘটেছে তার প্রকারভেদ ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির জৈবিক ও অর্থনৈতিক কাজের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৭.▶ কোরীয় উপদ্বীপের উত্তর অংশনিয়ে উত্তর কোরিয়া ও দক্ষিণ অংশ নিয়ে দক্ষিণ কোরিয়া রাষ্ট্র গঠিত। কিন্তু এ দুটি রাষ্ট্রের মধ্যে ব্যাপক পার্থক্য পরিলক্ষিত হয়। উত্তর কোরিয়ার অর্থনৈতিক ব্যবস্থা (উৎপাদন, সম্পদ, বণ্টন, ভোগ) পরিচালিত হয় সমাজতান্ত্রিক পদ্ধতিতে। পাশাপাশি সমাজ ও সমাজকাঠামোর মধ্যে সাম্য প্রতিষ্ঠার জোর দেওয়া হয়। অপরদিকে দক্ষিণ কোরিয়ার সমাজ ও সমাজ কাঠামোতে প্রতিযোগিতা, যোগ্যতা, ইত্যাদি বিষয়ের ওপর গুরুত্ব দেয়া হয়, ফলে স্বাভাবিকভাবে সেখানে পুঁজিবাদী অর্থনৈতিক ব্যবস্থা গড়ে উঠেছে।

ক. উৎপাদন, বণ্টন, ভোগ সম্বন্ধয় কোন শাস্ত্রের মূল্য প্রতিপাদ্য বিষয়? ১
খ. কাঠামোবাদ বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সমাজ বিজ্ঞানের সাথে কোন বিষয়ের সম্পর্ক দেখানো হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়ের সাথে সমাজবিজ্ঞানের পার্থক্য বিশ্লেষণ কর। ৪

৮.▶ সুজন বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা শেষ করে একটি প্রকাশনীতে চাকরি নেয়। কর্মক্ষেত্রে দায়িত্ব ও নিষ্ঠার সাথে কাজ করলেও উচ্চপদস্থ কর্মকর্তার সাথে তার বনিবনা হয় না। সুজন মনে করে তাকে তার প্রাপ্য মর্যাদা থেকে বঞ্চিত করা হয়। এজন্য যে অন্য একটি প্রকাশনীতে একই পদমর্যাদায় ও একই বেতনে যোগদান করে। সে মনে করে বর্তমানে এই কোম্পানি তাকে তার প্রাপ্য মর্যাদা দিচ্ছে।

ক. সম্প্রদায় কী? ১
খ. সংস্কৃতি বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে সুজনের ক্ষেত্রে কোন ধরনের সামাজিক গতিশীলতা পরিলক্ষিত আরও বৃদ্ধি পাবে? ব্যাখ্যা কর। ৩
ঘ. তুমি কি মনে কর উদ্দীপকের মতো পরিস্থিতিতে সামাজিক গতিশীলতা আরও বৃদ্ধি পাবে? তোমার বক্তব্যটি ব্যাখ্যা কর। ৪


৯.▶ সেলিম সাহেব একজন সরকারি কর্মচারী। তিনি কাজের বিনিময়ে তার ক্লায়েন্টদের নিকট থেকে উপহারস্বরূপ কিছু টাকা গ্রহণ করেন। এছাড়া তিনি বাড়িতে বৃদ্ধ পিতামাতার ঠিকমত খোঁজখবর নেননা। ধর্মীয় আচার সম্পর্কেও তিনি উদাসীন।

ক. 'Cultural Sociology' গ্রন্থটি কার লেখা? ১
খ. বিচ্যুতিমূলক আচরণ বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের সেলিম সাহেবের কাজের বিনিময়ে উপহার গ্রহণ কী অপরাধ? ব্যাখ্যা কর। ৩
ঘ. সেলিম সাহেবের সকল কর্মকাণ্ড অপরাধ নয়— যুক্তিসহ বিশ্লেষণ কর। ৪

১০.▶ এনামুল একটি প্রাইভেট ব্যাংকে চাকরি পাওয়ার পর লিজাকে বিয়ে করে পিতামাতা থেকে আলাদা হয়ে একত্রে বসবাস করছে। বিয়ের দুবছর পার হলে তাদের একটি ছেলে হয়। এনামুল ও লিজার আদর যত্নে ছেলেটি বেড়ে উঠতে থাকে। লেখাপড়া, খেলাধুলা, নীতি-নৈতিকতা সব বিষয়ে তারা তাদের ছেলেকে সহযোগিতা করে।

ক. পরিবারের জৈবিক কাজ কী? ১
খ. পরিবারকে শিশুর প্রাথমিক শিক্ষায়ন বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের পরিবারটি কোন ধরনের পরিবার? সমাজতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে বিশ্লেষণ কর। ৩
ঘ. এনামুল ও লিজা যেসব পারিবারিক কার্যাবলি সম্পাদন করে তা বিশ্লেষণ কর। ৪

১১.▶




ক. বিবর্তন শব্দের প্রবক্তা কে? ১
খ. প্রগতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকের সামাজিক পরিবর্তনে কোন উপাদানের উপস্থিতি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত উপাদানগুলো অর্থনৈতিক কাঠামোর ওপর কীরূপ প্রভাবফেলে বিশ্লেষণ কর। ৪

## ৬. সরকারি আজিজুল হক কলেজ, বগুড়া

বিষয় কোড: ১ ১ ৭

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | সমাজবিজ্ঞান প্রথম পত্র | পূর্ণমান — ৭০

১.▶ মরিয়ম এবং মাসুমা সমাজবিজ্ঞানের পরিধি নিয়ে আলোচনা করছে। মরিয়মের মতে, সমাজবিজ্ঞান বর্তমান ও প্রাচীন সমাজের উদ্ভব, বিকাশ ও জীবনযাত্রা সম্পর্কে গবেষণা করে। মাসুমা বলে যে, সমাজবিজ্ঞানের বিভিন্ন পদ, প্রত্যয়, নীতি এবং সাধারণীকরণ সম্পর্কে বিচার বিশ্লেষণ করে এ শাখা।

ক. বিজ্ঞানভিত্তিক মনস্তাত্ত্বিক সমাজবিজ্ঞান প্রতিষ্ঠা করেন কে? ১
খ. সমাজবিজ্ঞানের পরিধি ক্রমশ ব্যাপকতর হচ্ছে কেন? ২
গ. মরিয়ম ও মাসুমার বক্তব্যে সমাজবিজ্ঞানের কোন ক্ষেত্রগুলো ফুটে উঠেছে দেখাও। ৩
ঘ. মরিয়মের আলোচনায় পরিবারের সমাজবিজ্ঞান ও সামাজিক জনবিজ্ঞান সম্পর্কে আলোচনা করা হয়নি- কথাটি বিশ্লেষণ কর। ৪

২.▶ জাহানারা বেগম তার গ্রামের পরিবার পরিকল্পনা কর্মসূচীর ওপর কাজ করেন। গ্রামের অধিকাংশ পরিবারই ছিল ধর্মভীরু। তাই জাহানারা বেগমের কর্মকান্ডের প্রতি অনেকে বীতশ্রদ্ধাভাব প্রকাশ পেত। বিষয়টি গ্রামের একমাত্র মহিলা মেম্বার শৈলী খাতুনকে ভাবিয়ে তোলে।

ক. সমাজ গবেষণায় প্রথম স্তরের কাজ কী? ১
খ. বৈজ্ঞানিক পদ্ধতি বলতে কী বোঝায়? ২
গ. জাহানারা বেগম গ্রামবাসীর প্রতিক্রিয়া নির্ণয় করতে কোন পদ্ধতি অবলম্বন করবে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. শৈলী খাতুনের দুশ্চিন্তার যথার্থতাকে বিশ্লেষণ কর। ৪

৩.▶ জামাল তার বাড়িতে বিল্ডিং তৈরি করবে। এ জন্য রড, সুরকি, সিমেন্ট, বালি, পানি মিশিয়ে পিলার তৈরি করে। তার বাড়ির ইঞ্জিনিয়ার বলেন যে, এই বস্তুগুলোর প্রতিটির নিজস্ব শক্তি রয়েছে। সবগুলো একত্রে মিশানোর ফলে আলাদা অন্যরূপ শক্তি তৈরি হয়েছে। শক্তি বিলুপ্ত হয়নি। এগুলোকে আলাদা করলে আবার নিজস্ব শক্তি ফিরে পাবে। এই বস্তুগুলোর শক্তির মধ্যে পারস্পারিক সম্পর্ক রয়েছে। অদৃশ্য বিষয় ক্রিয়াশীল থাকায় তারা সুশৃঙ্খলভাবে সুসংহত থাকে।

ক. কার্ল মার্কস শ্রেণির কয়টি বৈশিষ্ট্যের কথা বলেছেন? ১
খ. কার্ল মার্কস মতে শ্রেণি সংগ্রাম কেন হয়? ২
গ. উদ্দীপকে ইঞ্জিনিয়ারের বক্তব্য হার্বার্ট স্পেন্সারের সামাজিক বিবর্তন মতবাদের কোন সূত্রের সাথে সমাঞ্জস্যপূর্ণ দেখাও। ৩
ঘ. উদ্দীপকে বিষয়গুলোর আলোকে তার উক্ত সূত্রটি- ব্যাখ্যা কর। ৪

৪.▶ করিম মিয়ার আর্থিক অবস্থা পূর্বে ভালো ছিল না। তিনি জমি বিক্রি করে তার দুই ছেলেকে সৌদি আরবে পাঠালেন। এখন তিনি প্রচুর সম্পদের মালিক। সমাজে তার মর্যাদা বৃদ্ধি পেয়েছে।

ক. লোকরীতি কী? ১
খ. সামাজিক স্তরবিন্যাস সার্বজনীন। ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে করিম মিয়ার সামাজিক অবস্থানের পরিবর্তন কোন ধরনের সামাজিক গতিশীলতাকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সামাজিক গতিশীলতার ক্ষেত্রে শিক্ষা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে— বিশ্লেষণ কর। ৪

৫.▶ রতন গ্রীস দার্শনিক প্লেটোর আদর্শে অনুপ্রাণিত। সে মনে করে, পরিবারের অস্তিত্ব একদিন বিলুপ্ত হবে এবং এটাই হওয়া উচিৎ। সেজন্য দেশের রাষ্ট্রপ্রধান ও সৈনিকদের পরিবার থাকা উচিৎ নয়।

ক. Ancient Society গ্রন্থের লেখক কে? ১
খ. শিশু যত্নকেন্দ্রে স্বাভাবিক ব্যক্তিত্ব গঠন হয় না কেন? ২
গ. রতনের মাঝে পরিবারের প্রতি কী ধরনের দৃষ্টিভঙ্গির প্রতিফলন দেখা যায়, নিরূপণ কর। ৩
ঘ. 'পরিবারের প্রতি রতনের দৃষ্টিভঙ্গি রক্ষণশীল নয়। আবার উদারনৈতিক নয়' কথাটি পাঠ্যবইয়ের আলোকে- বিশ্লেষণ কর। ৪

৬.▶ ড. বি. আর আম্বেদকর ভারতীয় সংবিধানের অন্যতম প্রণেতা। তিনি এ উপমহাদেশের ব্রিটিশ শাসকদের মধ্যে অন্যতম। তার দক্ষতার কারণে পন্ডিত জওহরলাল নেহেরু তাকে সরকারের গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত করেন। কিন্তু দেখা যায় জওহরলাল নেহেরু ভারতের জনক ও প্রধানমন্ত্রী হলেও দলিত সম্প্রদায়ভুক্ত আদারে যথাযথ মর্যাদা পায়নি। এক্ষেত্রে তার মেধাশক্তি ও সামাজিক একটি উপাদানের দ্বারা প্রভাবিত হয়েছে।

ক. শীতল জলবায়ু স্বাধীনতার অনুকূল- এ উক্তিটি কার? ১
খ. সংস্কৃতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে যে উপাদানটির ইঙ্গিত করা হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. সমাজজীবনের ওপর উক্ত উপাদানটির প্রভাব কীরূপ? আলোচনা কর। ৪

৭.▶ আলিপুর এলাকায় সাম্প্রতিক সময়ে নানা রকম সামাজিক কার্যকলাপ বৃদ্ধি পেয়েছিল। চুরি, ছিনতাই, যৌতুক বা বাল্যবিবাহের মতো অপরাধগুলো বেশ বৃদ্ধি পেয়েছিল। ফলে এলাকার শিক্ষিত যুবকেরা এর বিরুদ্ধে মাইকিং ও দেয়ালিকা বের করে গণসচেতনতা সৃষ্টি করতে সচেষ্ট হয় এবং অনেকদিন পর এ থেকে মুক্ত হয়েছে এলাকাটি।

ক. শিশুর সবচেয়ে কাছের মানুষ কে? ১
খ. সামাজিকীকরণ প্রক্রিয়া কী? ২
গ. উদ্দীপকে প্রকাশিত বিষয়টির স্বরূপ উপস্থাপন কর। ৩
ঘ. সামাজিকীকরণে উক্ত বিষয়টির ভূমিকা মূল্যায়ন কর। ৪

৮.▶ ওসমানদের এলাকাটি চারদিকে নদী পরিবেষ্টিত দ্বীপ অঞ্চল। তাদের জীবনধারা প্রাচীন ধরনের। তাদের অঞ্চলে হাতেগোনা কয়েকজন অনেক জমির মালিক। বাকিরা প্রান্তিকবৃত্তিক বা ভূমিহীন কৃষক। প্রান্তিক ও ভূমিহীন কৃষকরা অনেক জমির মালিকের জমিতে কাজ করে।

ক. সমাজসেবা কী? ১
খ. বয়স বৈষম্যের একটি প্রভাব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের ওসমানদের অঞ্চলের সামাজিক ব্যবস্থা সামাজিক স্তরবিন্যাসের প্রাচীনকোন প্রথার সাথে সামঞ্জস্যপূর্ণ। নিরূপণ কর। ৩
ঘ. উক্ত প্রথায় ওসমানদের অঞ্চলের কৃষকরা দাসপ্রথার চেয়ে বেশি স্বাধীন- কথাটি বিশ্লেষণ কর। ৪

৯.▶ মাহমুদ সাহেব একজন সরকারি কর্মকর্তা। একদিন একটি প্রভাবশালী মহল তাদের একটি কাজ পাইয়ে দেওয়ার জন্য তাকে ঘুষ দিতে চায়। কিন্তু মাহমুদ সাহেব তাদের সে প্রস্তাব প্রত্যাখান করেন এবং তিনি তাদের বোঝান, যোগ্যতা থাকলে কাজ পেতে ঘুষ দেওয়া লাগে না।

ক. "Ageism' শব্দের অর্থ কী? ১
খ. পরিবারের মনস্তাত্ত্বিক কাজ বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে মাহমুদ সাহেবের মধ্যে যে গুণটির উপস্থিতি লক্ষ করা যায় তার স্বরূপ ব্যাখ্যা কর। ৩
ঘ. 'সমাজজীবনকে কলুষতামুক্ত করতে উক্ত বিষয়ের বিকল্প নেই'_ তুমি কি এই বক্তব্যের সাথে একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দেখাও। ৪

১০.▶ তপনের বয়স ১৪ বছর। সে তার বাবা মার সাথে ঢাকার একটি বস্তিতে বসবাস করে। সেখানে খেলাধুলা করার মত কোন সুযোগ নেই। ঐ বস্তির অনেকেই হেরোইন ব্যবসার সাথে জড়িত। তাদের দেখাদেখি তপনও এক সময় হেরোইন ব্যবসার সাথে জড়িয়ে পড়ে।

ক. ভদ্রবেশি অপরাধ কী? ১
খ. ডুর্খেইমের কঠোর ও সঙ্ক্রামিত নৈরাজ্যের ধারনা দাও। ২
গ. উদ্দীপকের অপরাধের কোন কারণ চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত কারণটিকে কি তুমি অপরাধের একমাত্র কারণ বলে মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১১.▶ কোনো অঞ্চলের আবহাওয়া ও জলবায়ু সব সময় এক রকম থাকে না। অঞ্চলভেদে আবহাওয়ার তারতম্য পরিলক্ষিত হয়। কোনো সমাজের অবস্থা সব সময় এক রকম থাকে না । সকল সমাজে পরিবর্তনের মাত্রা ও গতি ভিন্ন হয়ে থাকে। সমাজ পরিবর্তনশীল। সামাজিক পরিবর্তন হলো তার কাঠামোগত পরিবর্তন, এটি একটি সামগ্রিক বিষয়। তাই পরিবর্তনকে প্রধানত পরিকল্পিত এবং অপরিকল্পিত দু'ভাগে ভাগ করা যেতে পারে।

ক. সমাজতন্ত্র কী? ১
খ. অর্থনৈতিক শক্তিই সমাজের সবকিছুকে নিয়ন্ত্রণ করে- আলোচনা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত কাঠামোগত পরিবর্তন হলো উদ্দীপকের মূল বিষয়টির পরিবর্তন বর্ণনা কর। ৩
ঘ. উদ্দীপকের উল্লিখিত পরিবর্তন সম্পর্কে মতামত দাও। ৪

## ৮. দিনাজপুর সরকারি কলেজ

বিষয় কোড: ১ ১ ৭

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | সমাজবিজ্ঞান প্রথম পত্র | পূর্ণমান — ৭০

১.▶ তিনি একজন ফরাসি চিন্তাবিদ এবং ১৮৩৯ সালে সর্বপ্রথম Sociology শব্দটি চয়ন করেন। তিনি ফরাসি বিপ্লবোত্তর সমাজের প্রকৃতি নির্ধারণে, সমাজের উদ্ভব এবং বিকাশের নিয়মনীতি ব্যাখ্যায় তার জীবনের অনেক অংশ ব্যয় করেন। তিনি সমাজ বিশ্লেষণের জন্য একটি পৃথক বিজ্ঞানের প্রয়োজনীয়তা অনুভব করেন এবং এই বিজ্ঞানের নাম দেন Social Physics.

ক. সমাজবিজ্ঞানের জনক কে? ১

খ. "সমাজবিজ্ঞান সামাজিক সম্পর্কের বিজ্ঞানভিত্তিক পাঠ" ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে যে সমাজবিজ্ঞানীর কথা বলা হয়েছে সমাজবিজ্ঞানে তার অবদান আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে আলোচিত বিষয়টির পরিধি ক্রমশ ব্যাপকতর হচ্ছে এ সম্পর্কে তোমার মতামত আলোচনা কর। ৪

২.▶ গবেষণার কাজে বিজ্ঞানভিত্তিক পদ্ধতি অনুসৃত হয় অর্থাৎ বৈজ্ঞানিক পদ্ধতির একটি ধরাবাধা পর্যায়ক্রম থাকে যেমন সমস্যা নির্বাচন–নকশা প্রণয়ন–নমুনা নির্বাচন–প্রশ্নমালা তৈরি– তথ্যসংগ্রহ–তথ্য বিশ্লেষণ–প্রতিবেদন লিখন।

ক. বিজ্ঞান কী? ১

খ. সমাজ গবেষণায় ব্যবহৃত একটি পদ্ধতি সম্পর্কে লিখ। ২

গ. উদ্দীপকের আলোকে সমাজবিজ্ঞানের বৈজ্ঞানিক মর্যাদা সম্পর্কে আলোচনা কর। ৩

ঘ. ক্ষুদ্র জনগোষ্ঠীর জীবনধারা সম্পর্কে গবেষণা করার জন্য নৃবিজ্ঞানীরা যে পদ্ধতি ব্যবহার করেন তার সুবিধা ও অসুবিধা সম্পর্কে লিখ। ৪

৩.▶ তিনি ১৮১৮ সালে জার্মানিতে জন্মগ্রহণ করেন। তিনি ছিলেন একাধারে দার্শনিক, অর্থনীতিবিদ এবং সমাজবিজ্ঞানী। তার সমাজতাত্ত্বিক মতবাদ সমাজ বিশ্লেষণে এক নতুন দৃষ্টিভঙ্গি প্রদান করে। তিনি বলেছেন যে, অর্থনৈতিক উৎপাদন প্রক্রিয়াই সমাজ পরিবর্তনের মৌলিক উপাদান। তার রচিত বহু গ্রন্থের মধ্যে The Capital সবচেয়ে উল্লেখযোগ্য।

ক. ইবনে খালদুন কোথায় জন্মগ্রহণ করেন? ১

খ. আদর্শ নমুনা ধারণাটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত সমাজবিজ্ঞানীর 'শ্রেণি সংগ্রাম তত্ত্ব' সম্পর্কে লিখ। ৩

ঘ. উদ্দীপকে যে সমাজবিজ্ঞানীর কথা বলা হয়েছে সমাজবিজ্ঞানের ক্ষেত্রে তার অবদান মূল্যায়ন কর। ৪

৪.▶ মানুষ সামাজিক এবং সাংস্কৃতিক জীব। সংস্কৃতির ভিন্নতার কারণে মানব সমাজের মধ্যে ভিন্নতা দেখা যায়। আর এ ভিন্নতার কারণে বিশ্বের বিভিন্ন স্থানে গড়ে উঠেছে ভিন্ন ভিন্ন সভ্যতা। দার্শনিক কান্ট বলেছেন, "সভ্যতা মানুষের বাহ্যিক আচরণ আর সংস্কৃতি মানুষের ভিতরের দিক।"

ক. জাতিবর্ণ কাকে বলে? ১

খ. সামাজিকীকরণ বলতে কী বোঝায়? ২

গ. সভ্যতার ভিন্নতা কীভাবে গড়ে ওঠে? উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে দার্শনিক কান্ট যা বুঝাতে চেয়েছেন উদাহরণসহ তা আলোচনা কর। ৪

৫.▶ রফিক ও শফিক দুই ভাই। রফিক লেখাপড়া শেষ করে একটি শহরে চাকরি করেন এবং সেখানে তিনি তার নববিবাহিতা স্ত্রীকে নিয়ে বসবাস করেন। অপরদিকে শফিক গ্রামে থাকেন এবং বিয়ের পর তিনি তার শ্বশুরালয়ে বসবাস করেন।

ক. জ্ঞাতিসম্পর্ক কাকে বলে? ১

খ. লেভিরেট ও সরোরেট বিবাহ বলতে কী বোঝায়? ২

গ. বিবাহোত্তর বসবাসের ভিত্তিতে শফিক যে পরিবার গঠন করেছে উক্ত পরিবারের বর্ণনা দাও। ৩

ঘ. বর্তমান সময়ে উদ্দীপকের রফিকের পরিবারের মতো পরিবারের সংখ্যা বৃদ্ধির কারণগুলো আলোচনা কর। ৪

৬.▶ বাংলাদেশের সুন্দরবন অঞ্চলে বসবাসকারী অধিকাংশ জনগোষ্ঠীর ঘরবাড়ি গোলপাতা ও সুন্দরী কাঠের তৈরি এবং ঐ এলাকার কেউ মৎস্যজীবী আবার কেউবা মধু সংগ্রহ করে জীবিকা নির্বাহ করে।

ক. বস্তুগত সংস্কৃতি কাকে বলে? ১

খ. পোশাক পরিচ্ছদ কীভাবে ভৌগোলিক উপাদান দ্বারা প্রভাবিত হয়? ২

গ. উদ্দীপকে মানুষের ঘরবাড়ি ও জীবিকার উপর কোন উপাদানের প্রভাব লক্ষ করা যায় তা ব্যাখ্যা কর। ৩

ঘ. অর্থনীতির উপর উক্ত উপাদানের কী প্রভাব রয়েছে তা তোমার নিজের ভাষায় আলোচনা কর। ৪

৭.▶ রাইসার মা-বাবা দুজনই চাকরিজীবী। সে কাজের লোকের তত্ত্বাবধানে বড় হচ্ছে। অনাদরে বড় হওয়ার কারণে সে পরিবেশের সাথে খাপ খাইয়ে চলতে পারে না। তার মধ্যে আত্মবিশ্বাসের ঘাটতি প্রবল।

ক. গণমাধ্যম কী? ১

খ. "সামাজিকীকরণ একটি জীবনব্যাপী প্রক্রিয়া"- ব্যাখ্যা কর। ২

গ. রাইসার খাপছাড়া আচরনের জন্য সামাজিকীকরণের কোন বাহনটি দায়ী? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত বাহনের প্রভাবে রাইসার ভবিষ্যৎ জীবনে কী নেতিবাচক প্রভাব পড়তে পারে? আলোচনা কর। ৪

৮.▶ দরিদ্র কৃষকের ছেলে সুজন অতিকষ্টে লেখাপড়া শিখে বর্তমানে একটি কোম্পানিতে উচ্চ বেতনে চাকরি করে। সে তার গ্রামের ঐতিহ্যবাহী পরিবারের মেয়েকে বিবাহ করেছেন। কিন্তু তার ছোট বেলার বন্ধু হরিদাস লেখাপড়া শিখলেও পৈতৃক পেশা অবলম্বন করতে বাধ্য।

ক. সামাজিক অসমতা কাকে বলে? ১

খ. শ্রেণী একটা উন্মুক্ত ব্যবস্থা- ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের ঘটনাটি সমাজবিজ্ঞানের কোন প্রত্যয়ের ইঙ্গিত বহন করে? প্রত্যয়টির বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা কর। ৩

ঘ. উদ্দীপকে দুই বন্ধুর সমাজ ব্যবস্থার মধ্যে পার্থক্য তুলে ধরো। ৪

৯.▶ জনাব আবুল কালাম একজন উর্ধ্বতন কর্মকর্তা। তিনি রাষ্ট্রের দায়িত্বশীল পদে কর্মরত। তিনি তার একজন ঘনিষ্ঠ আত্মীয়কে চাকরি প্রদান করেন।

ক. ক্ষমতা কাকে বলে? ১

খ. রাষ্ট্র বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে রাষ্ট্রের কোন ব্যবস্থার কথা বলা হয়েছে? সে ব্যবস্থার বৈশিষ্ট্য আলোচনা কর। ৩

ঘ. সুষ্ঠুভাবে রাষ্ট্র পরিচালনার জন্য উক্ত ব্যবস্থার প্রয়োজনীয়তা ব্যাখ্যা কর। ৪

১০.▶ আরহামের বয়স ১৪ বছর। তার মা একজন গৃহকর্মী আর বাবা রিকসাচালক। তারা ঢাকার একটি বস্তিতে বাস করে। আরহাম পত্রিকা বিক্রি করে এবং খেলাধুলার তেমন সুযোগ পায় না। এক সময় সে মাদক ব্যবসার সাথে জড়িয়ে পড়ে।

ক. প্যারোল কাকে বলে? ১

খ. অপরাধ ও বিচ্যুতির পার্থক্য লিখ। ২

গ. উদ্দীপকে অপরাধের কোন কারণকে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পারিবারিক পরিবেশ কীভাবে অপরাধের কারণ হতে পারে উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

১১.▶ সাম্প্রতিক বন্যায় বাংলাদেশের অধিকাংশ নদীবিধৌত এলাকার অবকাঠামো বিধ্বস্ত হয়ে যায়। সমাজের মানুষ জীবনের তাগিদে আবার ঘুরে দাঁড়ানোর চেষ্টায় ব্যস্ত। এটা মানব সমাজের চিরাচরিত বৈশিষ্ট্য।

ক. সমাজ কাঠামো কত প্রকার? ১

খ. সামাজিক উন্নয়ন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সমাজের কোন ধরনের কাঠামোর কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. সামাজিক পরিবর্তন একটি চলমান প্রক্রিয়া উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর। ৪

## ১০. ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র** পূর্ণমান — ৭০

১.▶ ক্লাসে শিক্ষক বললেন, প্রাকৃতিক বিজ্ঞান বস্তু ও জগত সম্পর্কে নিরন্তর জানার চেষ্টা করে এবং পরীক্ষা, প্রমাণ ও যুক্তি ইত্যাদি দ্বারা নির্মিত সুসংবদ্ধ জ্ঞানকে মানবকল্যাণে কাজে লাগায়। অন্যদিকে সমাজবিজ্ঞানের অধ্যয়নের বিষয় ব্যক্তি আর গোটা মানব সমাজই এর ল্যাবরেটরি।

ক. সামাজিক জনবিজ্ঞান (Social Demorgphy) কী নিয়ে আলোচনা করে? ১

খ. গ্রন্থকারের নাম লিখ— The Republic, The Prince, Utopia, Positive Philosophy. ২

গ. 'গোটা মানব সমাজই এর ল্যাবরেটরি'- কথাটির মানে কী? ৩

ঘ. একটি পৃথক বিজ্ঞান হিসেবে সমাজবিজ্ঞানের আবির্ভাবের প্রেক্ষাপট ব্যাখ্যা কর। ৪

২.▶ ড. মাহবুবা নাসরীনের গবেষণার বিষয় দুর্যোগ মোকাবিলায় নারীর অগ্রণী ভূমিকা। এর আগে সমাজতাত্ত্বিক গবেষণায় নারীকে ঝুঁকিগ্রস্ত ও অসহায়রূপে পাওয়া যায়। তিনি সরেজমিনে বন্যাদুর্গত এলাকা পর্যবেক্ষণ করেন এবং লক্ষ করেন কীভাবে নারীরা নিজস্ব কৌশল, অভিজ্ঞতা এবং পরিবেশে প্রাপ্ত দ্রব্যাদিকে কাজে লাগিয়ে তাদের পরিবারকে বাঁচিয়ে রাখে।

ক. 'যাচাই সাপেক্ষ' বলতে কী বোঝ? ১

খ. পদ্ধতি ও কৌশলের মধ্যে পার্থক্য কী? ২

গ. ড. মাহবুবা নাসরীন কী কী গবেষণা পদ্ধতি গ্রহণ করেছেন বলে তুমি মনে কর? ৩

ঘ. তোমার এলাকার একটি দুর্যোগ পরিস্থিতিকে সমস্যা নির্বাচন করে বৈজ্ঞানিক গবেষণা পদ্ধতির ধাপগুলো ব্যাখ্যা কর। ৪

৩.▶ একটি নির্দিষ্ট ধর্মমতে, যারা নিজ নিজ পেশা (Calling) অনুযায়ী নিষ্ঠার সাথে কাজ করেন তারা পার্থিব জগতে সফলকাম এবং ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে সমর্থ হন।

ক. হার্বার্ট স্পেন্সারের সমাজ বিশ্লেষণের প্রধান দুটি তত্ত্ব কী কী? ১

খ. মালিক শ্রেণি কর্তৃক উদ্বৃত্ত মূল্য আত্মসাৎ শ্রেণি শোষণের একটি রূপ- বাংলাদেশের প্রেক্ষাপটে উদাহরণ দাও। ২

গ. পুঁজিবাদের বিকাশ সম্পর্কিত ম্যাক্স ওয়েবারের তত্ত্বটি কী? ৩

ঘ. পুঁজিবাদের বিকাশ সম্পর্কিত ম্যাক্স ওয়েবার ও কার্ল মার্কসের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ বিপরীত' বুঝিয়ে লিখ। ৪

৪.▶ জন্মের কয়েক বছর পরই একটি মানব শিশু কথা বলতে শিখে ফেলে। কিন্তু কোন কথাটি কখন বলতে হবে তা শিখতে শিখতে তার জীবন কেটে যায়।

ক. Ancient Society- কার লেখা? ১

খ. সামাজিক স্তরবিন্যাস সর্বজনীন— ব্যাখ্যা কর। ২

গ. একই পরিবারে বিভিন্ন সদস্যের সামাজিকীকরণ একই রকম হয় না কেন? ৩

ঘ. সামাজিকীকরণ একটি আজীবন প্রক্রিয়া। যৌবনে, মধ্যবয়সে এবং বার্ধক্যে মানুষ কীভাবে সামাজিকীকরণ প্রক্রিয়ার মধ্যে কাটায়? উদাহরণসহ আলোচনা কর। ৪

৫.▶ বিমলা ঢাকায় ওয়ারীতে বড় হয়েছে। শহরের মানুষের অভাব-অনটন সে বোঝে না। এম. এ পাস করে একটি এনজিওতে চাকরি নিয়ে গ্রামে গিয়েছে। গ্রামের সাধারণ মানুষ তার সামনে চেয়ারে বসে না। এমনকি সাধারণ মানুষরা গ্রামের চেয়ারম্যান ও মেম্বারদের সামনেও চেয়ারে বসে না। গ্রাম সমাজে সামাজিক মর্যাদা ও শ্রেণি বিন্যাসটি প্রকট।


ক. সামাজিক পরিবর্তন কাকে বলে? ১

খ. বই সংস্কৃতির কোন ধরনের উপাদান? বুঝিয়ে লিখ। ২

গ. উদ্দীপক অনুসারে সম্পদ ও ক্ষমতার ভিত্তিতে তোমার গ্রাম/মহল্লার সামাজিক স্তরবিন্যাসের একটি বর্ণনা দাও। ৩

ঘ. কীভাবে সমাজে বৈষম্য এবং অসমতার মাত্রা কমিয়ে আনা যায় বলে তুমি মনে কর? ৪

৬.▶ প্রদত্ত ছকের আলোকে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও




ক. Al-Umran বা সংস্কৃতি বিজ্ঞান ধারণাটি কার? ১

খ. সামাজিক নিরাপত্তার ধারণাটি অত্যন্ত সময়োপযোগী— ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের কোন মতবাদটির অন্যতম প্রবক্তা হলেন রুশো, হবস ও জন লক? উক্ত মতবাদটির গুরুত্ব ও তাৎপর্য ব্যাখ্যা কর। ৩

ঘ. '?' চিহ্নিত স্থানে কোন প্রতিষ্ঠানটি হবে? উক্ত প্রতিষ্ঠানটির ক্ষেত্রে সর্বাপেক্ষা গ্রহণযোগ্য মতবাদ কোনটি এবং কেন? বিশ্লেষণ কর। ৪

৭.▶ সাম্প্রতিক সময়ে তুলনামূলক স্বচ্ছল পরিবারের শিক্ষিত সম্ভাবনাময় তরুণদের বিভিন্ন জঙ্গি সংগঠনে অংশ নিতে দেখা যাচ্ছে। যা এ সম্পর্কিত আগের সব ধারণাকে প্রশ্নবিদ্ধ করেছে। সমাজবিজ্ঞানীরা মনে করতেন, সমাজের পশ্চাদপদ এবং সামাজিক বিচ্ছিন্নতার (Social Exclusion) শিকার ক্ষুদ্র গোষ্ঠীর সদস্যরা জঙ্গি বা সন্ত্রাসবাদী হয়ে ওঠে।

ক. সমাজ পরিবর্তন সম্পর্কিত প্যারেটোর তত্ত্বটি কী? ১

খ. "ইতিহাস হচ্ছে অভিজাততন্ত্রের সমাধি ক্ষেত্র"- কেন? ২

গ. "জঙ্গি তৎপরতা একই সাথে বিচ্যুতিমূলক আচরণ ও অপরাধ-সপক্ষে বা বিপক্ষে যুক্তি দেখাও। ৩

ঘ. উদ্দীপকের প্রেক্ষাপটে বর্তমান বিশ্বের জঙ্গিবাদ সমস্যার প্রতিকার কী? ৪

৮.▶




ক. 'We Feeling' বা 'আমরা বোধের' মানে কী? ১

খ. জেন্ডার বৈষম্য সামাজিক অসমতার জন্ম দেয় কীভাবে? ২

গ. উদ্দীপকে '?' চিহ্নিত স্থানে কোনটি বসবে? ব্যাখ্যা কর। ৩

ঘ. ইউরোপের সমাজতন্ত্র ভারতীয় উপমহাদেশে অনুপস্থিত। এর পেছনে দায়ী এ অঞ্চলের ভৌগোলিক, সাংস্কৃতিক, সামাজিক ইত্যাদি উপাদানসমূহ ব্যাখ্যা কর। ৪

৯.▶ আবু তালহা ফিলিস্তিনের অধিবাসী। ফেসবুকের মাধ্যমে বাংলাদেশের নাগরিক রাতুলের সাথে তার বন্ধুত্ব হয়। রাতুল তালহার কাছে তার দেশের রাষ্ট্রব্যবস্থা সম্পর্কে জানতে চাইলে সে জানায়, ফিলিস্তিন কোনো রাষ্ট্র নয়। তখন রাতুলকে বেশ ভাবিয়ে তুলে এ বিষয়টি যে ফিলিস্তিনে সরকার থাকলেও তা রাষ্ট্র নয়।

ক. সার্বভৌমত্ব কী? ১

খ. সম্পত্তির বৈশিষ্ট্যগুলো কী? ২

গ. আবু তালহার দেশটি রাষ্ট্র হিসেবে বিবেচ্য হবে না কেন- আলোচনা কর। ৩

ঘ. রাষ্ট্র ও সরকার এক নয়-বিশ্লেষণ কর। ৪

১০.▶ উত্তর ও দক্ষিণ সুদানের মধ্যে যে দ্বন্দ্ব-সংঘাত চলছে সেখানেও সমাজবিজ্ঞানীরা দ্বন্দ্ব নিরসনে ও শান্তি প্রতিষ্ঠার কাজ করতে পারেন। সমাজবিজ্ঞানীরা সমাজের বিভিন্ন শ্রেণি, পেশা ও গোষ্ঠীর আচার-আচরণ ও শ্রেণি স্বার্থ সম্পর্কে জ্ঞানার্জন করেন, তারা সমাজের আচার, প্রথা, মূল্যবোধ ও সংস্কৃতি সম্পর্কে ধারণা অর্জন করেন। আর তাই দ্বন্দ্ব নিরসনের কাজে তারা বেশ গুরুত্বপূর্ণ ভূমিকায় অবতীর্ণ হতে পারেন।

ক. বংশগতি কী? ১

খ. সম্প্রদায় ও সংঘের মধ্যে পার্থক্য কী? ২

গ. উদ্দীপক অনুসারে সমাজবিজ্ঞানীগণ কীভাবে সমাজকে বিশ্লেষণ করেন উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ৩

ঘ. উদ্দীপক অনুসারে একজন সমাজবিজ্ঞানী এবং একজন রাষ্ট্রবিজ্ঞানীর মধ্যে এমন একটি সংলাপ (Conversation) রচনা কর যাতে সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞানের মধ্যে বিদ্যমান সম্পর্ক অনুধাবন করা যায়। ৪

১১.▶ আমাদের সমাজে প্রায় ক্ষেত্রেই যে রীতি দেখা যায় তা হচ্ছে এই যে বড়দের সম্মান করার অর্থ তাদের সঙ্গে খোলাখুলি দৃঢ়ভাবে ভিন্ন মত প্রকাশ না করা, তাদের সঙ্গে তর্ক না করা বা তাদেরকে কোনোভাবে কষ্ট না দেওয়া। বস্তুত যে সমাজে শান্তি রক্ষার জন্য উন্নত কোনো সক্ষম প্রাতিষ্ঠানিক ব্যবস্থা গড়ে উঠেনি সেখানে বয়স্কদের পরামর্শ বিনা বাক্যব্যয়ে মেনে চললে বিবাদ-বিসম্বাদের হার অনেক কমে যায়। বস্তুত, এ কারণেই বিবাদ মেটানো এবং বিচার কাজে বয়স্ক বা বৃদ্ধদের মতামতকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়।'

ক. 'Animistic Theory' -র প্রবক্তা কারা? ১

খ. পরিবার কী? ২

গ. উদ্দীপক অনুসারে সামাজিক অসমতার এই রূপটি ব্যাখ্যা কর। ৩

ঘ. কেন সমাজে অসমতা দেখা দেয়? এ থেকে উত্তরণে তোমার পরামর্শ কী? ৪

## ১১. চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

**সমাজবিজ্ঞান প্রথম পত্র**

পূর্ণমান — ৭০

১.▶ পরপর তিন দফা বন্যায় সিলেটের হাওড় অঞ্চলের জনজীবন বিপর্যস্ত। ক্ষেতের ফসল, গবাদি পশু, হাওরের মাছসহ জীবিকার সব উৎস হারিয়ে মানুষ দুর্বিষহ জীবন অতিবাহিত করছে। চরম দারিদ্র্যের শিকার হয়ে অনেকে শহরে পাড়ি জমায়।

ক. শিল্পবিপ্লব কোথায় সংগঠিত হয়? ১
খ. সমাজবিজ্ঞান ও ইতিহাস কিভাবে একে অপরের ওপর নির্ভরশীল? ২
গ. উদ্দীপকের পরিস্থিতি সমাজবিজ্ঞানের কোন শাখায় আলোচিত হয়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতি মোকাবিলায় সমাজবিজ্ঞানের জ্ঞান কিভাবে সহায়ক হতে পারে? আলোচনা কর। ৪

২.▶ সুমন বস্তিবাসীদের উপর স্যাটেলাইট টেলিভিশনের প্রভাব যাচাইয়ের জন্য একটি প্রশ্নমালা তৈরি করে। এরপর দৈবচয়নের মাধ্যমে ১৫০ জন বস্তিবাসী নির্বাচন করে তাদের থেকে তথ্য সংগ্রহ করে। অন্যদিকে মিতা মুক্তিযুদ্ধে নারীদের অবদান নিয়ে গবেষণা করতে চায়, এ জন্য সে মুক্তিযুদ্ধের দলিলপত্র, সেই সময়ের সংবাদপত্র ও সাময়িকী পাঠ করে তথ্য সংগ্রহে ব্যস্ত।

ক. বৈজ্ঞানিক পদ্ধতির প্রথম ধাপ কোনটি? ১
খ. সমাজবিজ্ঞানকে মূল্যবোধ নিরপেক্ষ বিজ্ঞান বলা হয় কেন? ২
গ. উদ্দীপকে মিতার গৃহীত গবেষণা পদ্ধতির সাথে তোমার পাঠ্যবইয়ের কোন পদ্ধতিটি সাদৃশ্যপূর্ণ? ব্যাখ্যা কর। ৩
ঘ. চট্টগ্রাম শহরে মাদকাসক্তির ব্যাপকতা নিয়ে গবেষণা করতে ওপরের কোন পদ্ধতি উপযুক্ত হবে? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৩.▶ জুলেখা একটি তৈরি পোশাক কারখানায় কাজ করে। সকাল থেকে গভীর রাত পর্যন্ত কাজ করেও ওভারটাইমসহ যে মজুরি পায় তা দিয়ে কোনো মতে পরিবারের অন্নের সংস্থান করা গেলেও বস্ত্রসহ অন্য মৌলিক চাহিদা পূরণ করা সম্ভব হয় না। অন্যদিকে তার মতো অসংখ্য শ্রমিকের শ্রমে মালিক মুনাফার পাহাড় গড়ে তোলে। কঠোর পরিশ্রম করে জুলেখা রাত দিন পোশাক তৈরি করে অথচ নিজ সন্তানের জন্য ভালো পোশাক কেনার সাধ্য তার নেই। মাঝে মাঝে সে চরম হতাশ বোধ করে। জীবনের কোন অর্থ খুঁজে পায় না।

ক. আমলাতন্ত্রের জনক বলা হয় কাকে? ১
খ. যাযাবরদের মধ্যে সামাজিক সংহতি বেশি কেন? ২
গ. উদ্দীপকে কার্ল মার্কসের কোন তত্ত্বের প্রতিফলন ঘটেছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে জুলেখা ও তার মতো শ্রমিকদের হতাশা থেকে মুক্তির উপায় কি? কার্ল মার্কসের দৃষ্টিভঙ্গি পর্যালোচনা কর। ৪

৪.▶ দৃশ্যপট–এক : সাহেবপুর গ্রামে নানা শ্রেণি ও পেশার মানুষ বাস করে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির প্রসারের ফলে গ্রামের জীবনধারায় বেশ পরিবর্তন দৃশ্যমান। সাধারণ রাজনৈতিক বিরোধী বাদ দিলে গ্রামের মানুষ বেশ শান্তিতেই বসবাস করছে।
দৃশ্যপট–দুই : রূপপুর গ্রামের এক প্রান্তে জেলেদের বাস। বংশ পরম্পরায় এরা নদীতে মাছ ধরে জীবিকা নির্বাহ করে আসছে। গ্রামের অন্যদের সাথে এদের মেলামেশা ও উঠাবসা কম। এরা স্বতন্ত্র। নিজের মত থাকতে পছন্দ করে।

ক. মুখ্য দল কী? ১
খ. গ্রন্থস্বত্ব কোন ধরনের সংস্কৃতি? ২
গ. উদ্দীপকের দৃশ্যপট–২ সমাজবিজ্ঞানের কোন মৌল প্রত্যয়ের সাথে সম্পর্কিত? বুঝিয়ে লিখ। ৩
ঘ. উদ্দীপকের দৃশ্যপট-১ ও দৃশ্যপট–২ এর মধ্যে পার্থক্য সমাজতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে নির্ণয় কর। ৪

৫.▶ মিথিলা টেলিভিশনের একটি নাচের প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছে। ধ্রুপদী, আধুনিকসহ নৃত্যের প্রতিটি শাখায় সে নৈপুণ্যের স্বাক্ষর রেখেছে। তার মা-ও খ্যাতিমান নৃত্যশিল্পী ছিলেন।

ক. সংস্কৃতি কী? ১
খ. উৎপাদন কৌশল কিভাবে সমাজজীবনকে প্রভাবিত করে? ২
গ. উদ্দীপকে সমাজজীবনে প্রভাববিস্তারকারী কোন উপাদানের প্রভাব প্রতিফলিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত উপাদানটি সমাজজীবনের আর কোন কোন ক্ষেত্রকে প্রভাবিত করে? যুক্তিসহ ব্যাখ্যা কর। ৪

৬.▶ দৃশ্যকল্প-১ : রহমান সাহেব পাশ্চাত্যের একটি দেশে বেড়াতে যান। পৃথিবীর সেরা দশ জন ধনী ব্যক্তির মধ্যে সাত জনই এ দেশের নাগরিক। রহমান সাহেব নিজেও বেশ কিছু শিল্পকারখানার মালিক।
দৃশ্যকল্প-২ : প্রাক বৃটিশ ভারতের গ্রামগুলো ছিল স্বয়ংসম্পূর্ণ এক একটি প্রজাতন্ত্রের মতো। গ্রাম পঞ্চায়েত ছিল সকল জমির মালিক ও রাজনৈতিক ক্ষমতার কেন্দ্রবিন্দু।

ক. জাতীয় শিক্ষানীতি–২০১৩ অনুযায়ী বাংলাদেশে শিক্ষার স্তর কয়টি? ১
খ. সামাজিক সংহতি রক্ষায় ধর্মের ভূমিকা কী? ২
গ. উদ্দীপকে দৃশ্যকল্প-২ এ প্রতিফলিত সম্পত্তির মালিকানার ধরন চিহ্নিত কর। ৩
ঘ. দৃশ্যকল্প-১ ও দৃশ্যকল্প-২ এ বর্ণিত সম্পত্তির মালিকানার মধ্যে কোনটি সমাজের জন্য কল্যাণকর? তোমার উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৭.▶ মিজান সাহেব স্ত্রী ও দুই সন্তান নিয়ে শহরে বসবাস করেন। আর্থিকভাবে সচ্ছল হওয়া সত্ত্বেও তিনি বৃদ্ধ বাবা মায়ের খোঁজখবর নেন না। তার বড় ছেলে একাদশ শ্রেণীর ছাত্র রাকিব পড়াশোনার চেয়ে বন্ধু বান্ধবের সাথে বেশি সময় কাটায়। একদিন মাদকাসক্ত অবস্থায় সে পুলিশের হাতে ধরা পড়ে।

ক. Anomic শব্দের অর্থ কী? ১
খ. জৈবিক দৃষ্টিভঙ্গি অনুসারে মানুষ কেন অপরাধমূলক আচরণ করে? ২
গ. উদ্দীপকে রাকিবের মাদকাসক্ত হওয়ার পিছনে কোন কারণটি দায়ী? বুঝিয়ে লিখ। ৩
ঘ. উদ্দীপকে বাবা মায়ের দেখাশোনা না করা এবং মাদকাসক্তি এই দুই ধরনের আচরণের মধ্যে পার্থক্য সমাজতাত্ত্বিক দৃষ্টিকোণ থেকে নির্ণয় কর। ৪

৮.▶ সুমি টেলিভিশনে একটি আদিম জনগোষ্ঠীর জীবনধারা দেখছিল। এরা কিছুকাল আগে খাদ্য উৎপাদন করতে শুরু করে। পূর্বে এরা বনের ফলমূল সংগ্রহ ও পশুপাখি শিকার করে জীবিকা নির্বাহ করতো। এক সময় নারীরা লক্ষ করে, গুহের আশেপাশে ছড়ানো বীজ থেকে চারাগাছ জন্মেছে। এভাবে কৃষির সূচনা হয়। এতে তাদের খাদ্যের অনিশ্চয়তা যেমন দূর হয় তেমনি অবসর সময়ে নারী পুরুষ উভয়ে নানা ধরনের হস্ত ও কুটির শিল্পের কাজ করে দ্রুত নিজেদের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটায়।

ক. প্রত্নতত্ত্ব কী? ১
খ. লৌহকে আধুনিক সভ্যতার ভিত্তি বলা হয় কেন? ২
গ. উদ্দীপকের আদিম জনগোষ্ঠীর জীবনধারা কোন প্রত্নতাত্ত্বিক যুগকে প্রতিনিধিত্ব করছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. কৃষির উদ্ভব সভ্যতার উন্মেষে কিভাবে ভূমিকা রাখে? উদ্দীপকে বর্ণিত সমাজের প্রেক্ষিতে আলোচনা কর। ৪

৯.▶ রসুলপুর গ্রামের কৃষক জামাল মিয়া এক সময় অন্যের জমি ভাগে চাষ করে সংসার চালাতেন। বর্তমানে তার পাঁচ ছেলেমেয়ের মধ্যে চারজনই মধ্যপ্রাচ্যের একটি দেশে কাজ করে। ছোট ছেলে টিপু চার ভাইয়ের পাঠানো অর্থ কাজে লাগিয়ে দেশেই ব্যবসায় বাণিজ্য করে পরিবারের অর্থসম্পদ বাড়িয়েছে। গ্রামে পাকা বাড়ি হয়েছে। পরিবারের ছেলেমেয়েরা শহরের কলেজ-বিশ্ববিদ্যালয়ে পড়াশোনা করে। গ্রামে এই পরিবারের বেশ প্রভাব প্রতিপত্তি। জামাল মিয়ার ছোট ছেলে টিপু আগামী নির্বাচনে চেয়ারম্যান পদপ্রার্থী।

ক. সামাজিক স্তরবিন্যাস কী? ১
খ. নগর সমাজে অণুপরিবার বেশি দেখা যায় কেন? ২
গ. উদ্দীপকে রসুলপুর গ্রামের সামাজিক স্তরবিন্যাসে কৃষক জামাল মিয়ার অবস্থান নির্ণয় কর। ৩
ঘ. 'বর্তমানে বাংলাদেশের গ্রামীণ সমাজের স্তরবিন্যাসে ভূমি আর মুখ্য উপাদান নয়।' উদ্দীপকের আলোকে এই উক্তির যথার্থতা বিচার কর। ৪

১০.▶ তমালদের বাড়ির পাশে কয়েক বছর আগে কর্ণফুলী ইপিজেড গড়ে ওঠে। এখানে রপ্তানিযোগ্য বহুমুখী শিল্পপণ্য প্রক্রিয়াকরণ করা হয়। এতে এলাকার বহুলোকের কর্মসংস্থানের পাশাপাশি যাতায়াত ব্যবস্থাসহ অবকাঠামোগত ব্যাপক পরিবর্তন সাধিত হয়। মানুষের জীবনযাত্রার মান উন্নত হয়। কিন্তু অকৃষি পেশার আধিক্যের কারণে যৌথ পরিবারে ভাঙন সৃষ্টি হয়। এছাড়াও মাদকাসক্তি, অপরাধ প্রবণতা, পরিবেশ দূষণ ও বস্তির প্রসার ঘটে।

ক. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি কী? ১
খ. খাদ্যাভ্যাস পরিবর্তনে বিশ্বায়নের ভূমিকা কী? ২
গ. উদ্দীপকে তমালদের এলাকার সামাজিক পরিবর্তনে কোন উপাদানের প্রভাব সুস্পষ্ট? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে কর্ণফুলী ইপিজেড এলাকার পরিবেশ দূষণ রোধের উপায় কী? তোমার সুচিন্তিত মতামত দাও। ৪

১১.▶ রহিমা গ্রামের নিতান্ত দরিদ্র পরিবারের মেয়ে। শিক্ষাক্ষেত্রে সরকার প্রদত্ত বিভিন্ন আর্থিক সুবিধা গ্রহণ করে গত বছর সে এইচএসসি পাস করে। এ বছর সে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারি শিক্ষক পদে সংরক্ষিত নারী কোটায় নিয়োগ পেয়েছে। ফলে বর্তমানে তার পরিবারের অভাব অনটন যেমন দূর হয়েছে তেমনি তার নিজেদের সামাজিক মর্যাদা অনেক বেড়েছে।

ক. BARD এর পূর্ণরূপ কী? ১
খ. মানবসম্পদ উন্নয়ন বলতে কী বোঝ? ২
গ. উদ্দীপকে রহিমার শিক্ষার্জনের বিভিন্ন পর্যায়ে সরকারি যেসব আর্থিক সুবিধা সহায়ক হয়েছে তার বর্ণনা দাও। ৩
ঘ. চাকুরিক্ষেত্রে সংরক্ষিত নারী কোটা বাংলাদেশের নারীদের উন্নয়নে কীভাবে সহায়ক ভূমিকা পালন করছে? উদ্দীপকে রহিমার অভিজ্ঞতার আলোকে ব্যাখ্যা কর। ৪

## ১২. ইস্পাহানি পাবলিক স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট | সমাজবিজ্ঞান প্রথম পত্র | পূর্ণমান — ৭০

১.▶ সমাজবিজ্ঞান একটি আধুনিক নবীন বিজ্ঞান। এ বিজ্ঞানের লক্ষ্য সমাজের বিজ্ঞানভিত্তিক বস্তুনিষ্ঠ মূল্যবোধ নিরপেক্ষ অধ্যয়ন। তবে আমাদের মতো অনুন্নত দেশে সমাজবিজ্ঞান পাঠের লক্ষ্য ও উদ্দেশ্য হলো দেশের সার্বিক আর্থসামাজিক উন্নয়ন।

ক. সমাজ কী? ১
খ. Sociology শব্দের বুৎপত্তিগত অর্থ লিখ। ২
গ. উদ্দীপকের পঠিতব্য বিষয়টির প্রকৃতি বা বৈশিষ্ট্য আলোচনা কর। ৩
ঘ. আমাদের মতো দেশে বিষয়টি পাঠের প্রয়োজনীয়তা আলোচনা কর। ৪

২.▶ রূপগঞ্জ গ্রামের অধিকাংশ মানুষ রক্ষণশীল এবং কুসংস্কারাচ্ছন্ন। সবাই কঠিন ও কঠোরভাবে ধর্মীয় আচার নিয়ম মেনে জীবনযাপন করে। তারা মনে করে মানুষের উন্নতি ও অবনতি সবকিছু নিয়মিত নির্ধারিত। তাদের জীবনের সবকিছু ধর্ম দ্বারা নিয়ন্ত্রিত।

ক. ইবনে খালদুনের গ্রন্থটির নাম কী? ১
খ. আসাবিয়া বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে গ্রামটি কোঁতের সমাজ বিকাশের কোন স্তরে অবস্থান করছে- ব্যাখ্যা কর। ৩
ঘ. অগাস্ট কোঁতের সমাজ বিকাশের সর্বশেষ স্তরটি বিশ্লেষণ কর। ৪

৩.▶ একজন সমাজবিজ্ঞানী হাওড় এলাকায় 'শিক্ষার্থীর ঝরে পড়া রোধ নিয়ে গবেষণা করেন। এ সম্পর্কে শিক্ষার্থীর বাড়ি ও বিদ্যালয়ে গিয়ে তথ্য সংগ্রহ করে। তথ্যগুলো বিন্যস্ত করা হয়। ভবিষ্যৎ বাণী করা হয় শিক্ষার্থীর সংখ্যা পরবর্তী বছরে দ্বিগুণ হবে।

ক. পদ্ধতি কী? ১
খ. বৈজ্ঞানিক পদ্ধতি বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে গবেষণা পদ্ধতির পর্যায়গুলো আলোচনা কর। ৩
ঘ. সমাজ গবেষণার অন্যান্য পদ্ধতিগুলো আলোচনা কর। ৪

৪.▶ আদিম যুগে মানুষ ফলমূল সংগ্রহ ও শিকার করে জীবিকা নির্বাহ করতো। সমাজ বিকাশের পরবর্তীকালে খাদ্য উৎপাদন ও সম্পত্তির ধারণা সৃষ্টি হয়। সমাজে শ্রেণিবৈষম্য ও নানা পেশাজীবী শ্রেণির উদ্ভব হয়। সভ্যতা সূচনা করে।

ক. সম্পত্তি কী? ১
খ. সম্পত্তির বৈশিষ্ট্য উল্লেখ কর? ২
গ. সমাজ বিকাশের কোন যুগে ব্যক্তিগত মালিকানা সৃষ্টি হয়, ব্যাখ্যা কর। ৩
ঘ. যে যুগে উদ্বৃত্ত খাদ্য উৎপাদন সম্ভব হয়, তার আর্থসামাজিক জীবন পর্যালোচনা কর। ৪

৫.▶ শিক্ষক তাঁর ক্লাস লেকচারে ধর্মের উৎপত্তির বিবর্তনবাদী ব্যাখ্যা দেন। এ ক্ষেত্রে নৃবিজ্ঞানী টেইলর ও মেরেটের তত্ত্ব উল্লেখ করেন। সর্বশেষে তিনি বলেন মানুষের সমাজ জীবনে দর্মের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। মানুষের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত ধর্মীয় আচার পালনে তার জীবন অতিবাহিত হয়।

ক. ট্যাবু কী? ১
খ. টোটেম কী? ২
গ. উদ্দীপকে নৃবিজ্ঞানী দুজনের তত্ত্বগুলো ব্যাখ্যা কর। ৩
ঘ. মানুষের জন্ম থেকে মৃত্যু পর্যন্ত বিষয়টির ভূমিকা পর্যালোচনা কর। ৪

৬.▶ সভ্যতার আলো বর্জিত প্রাচীন জনপদ, ক্রমাগত জনসংখ্যা বৃদ্ধিতে সম্পদের স্বল্পতা দেখা দেয়। নিজেদের মধ্যে সৃষ্টি হয় হানাহানি। নানা সময় ভিন্ন জনপদ দ্বারা আক্রান্ত হয়। এসব সমস্যা মীমাংসার জন্য সবাই সংগঠিত হয়, সমাজের নিয়ম তৈরি করে সার্বভৌম কর্তৃপক্ষের নিকট তা নিয়ন্ত্রণ ভার তুলে দেয়।

ক. সার্বভৌমত্ব কী? ১
খ. কর্তৃত্ব বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকটি রাষ্ট্র উৎপত্তির কোন তত্ত্বের সাথে সাদৃশ্যপূর্ণ ব্যাখ্যা কর। ৩
ঘ. সামাজিক নিয়ম তৈরির পূর্বে জনপদটি কী রাষ্ট্র ছিল? তত্ত্বটির সমালোচনা কর। ৪

৭.▶ পৃথিবীর জলবায়ু, ভূ-প্রকৃতি, গাছপালা জীবজন্তু বিভিন্ন অঞ্চলে বিভিন্ন রকম। বাকল, মন্টেস্কু ও হান্টিংটনের মতে ভৌগোলিক পরিবেশের তারতম্যের ফলে সমাজ ও সভ্যতার মধ্যে বিভিন্নতা পরিলক্ষিত হয়।

ক. সমাজ জীবনে মৌল উপাদান বলতে কী বুঝায়? ১
খ. বংশগতি বলতে কী বুঝায়? ২
গ. সমাজজীবনে উপাদানটির প্রভাব আলোচনা কর। ৩
ঘ. প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণ অতীব প্রয়োজনীয় কেন? বিশ্লেষণ কর। ৪

৮.▶ পৃথিবীর বিভিন্ন স্থানে বিভিন্ন সময়ে বন্য জীবজন্তু কর্তৃক পালিত মানব শিশু উদ্ধার করা হয়েছে, যারা বন্য জীবজন্তুর মতো আচরণ করতো। এদেরকে মানুষের সমাজে সামাজিকীকরণে দীর্ঘ সময় লেগেছে। অনেকের সামাজিকীকরণ ব্যর্থ হয়েছে।

ক. সামাজিকীকরণ কী? ১
খ. সামাজিকীকরণ জীবনব্যাপী প্রক্রিয়া- ব্যাখ্যা কর। ২
গ. কীসের অভাবে ফেরেলম্যানদের সামাজিকীকরণ ব্যহত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের শিশু ও স্বাভাবিক শিশুর আচরণগত পার্থক্যের কারণ ব্যাখ্যা কর। ৪

৯.▶ "ক" একজন জেলে। তারা বংশানুক্রমে এই পেশায় নিয়োজিত। হিন্দু ধর্মশাস্ত্র মতে তার এই পেশাটি পূর্বজন্মের কর্মফল, তাই পেশা পরিবর্তন শাস্ত্রীয়ভাবে নিষিদ্ধ। তাদের আত্মীয়তা মেলামেশা একই গোত্রের মধ্যে সীমাবদ্ধ।

ক. Casta ক্যাস্টা শব্দের অর্থ কী? ১
খ. সামাজিক শ্রেণি বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে স্তরবিন্যাসের প্রকরণটির বৈশিষ্ট্য আলোচন কর। ৩
ঘ. উদ্দীপকের স্তরবিন্যাসের প্রকরণটি আধুনিক সমাজ ব্যবস্থায় কতটুকু যুক্তিযুক্ত ব্যাখ্যা কর। ৪

১০.▶ বর্তমান আধুনিক সমাজের অন্যতম অনুসঙ্গ তথ্য প্রযুক্তি। বিভিন্ন ক্ষেত্রে তথ্য প্রযুক্তির ব্যবহার সমাজ জীবনকে গতিশীল করেছে। তবে বর্তমানে তথ্যপ্রযুক্তি অপব্যবহার তরুণ সমাজের উপর ক্ষতির প্রভাব তৈরি করেছে।

ক. তথ্য প্রযুক্তি কী? ১
খ. বিশ্বায়ন বলতে কী বুঝায়? ২
গ. তথ্যপ্রযুক্তির ইতিবাচক প্রভাব আলোচনা কর। ৩
ঘ. তথ্য প্রযুক্তির অপব্যবহার থেকে নিজেকে কীভাবে মুক্ত রাখবে বিশ্লেষণ কর। ৪

১১.▶ নৃবিজ্ঞানী হেনরী লুইস মর্গান আমেরিকান রেড ইন্ডিয়ান উপজাতির মধ্যে দীর্ঘদিন বসবাস করেন। নৃতাত্ত্বিক পদ্ধতিতে গবেষণা করে পরিবারের উৎপত্তি সম্পর্কে বিবর্তনবাদী মতবাদ প্রদান করেন। তাঁর মতে একক বিবাহভিত্তিক পরিবার দীর্ঘ ক্রমবিবর্তনের ফলশ্রুতি। বিপরীত মতে ওয়েস্টার মার্ক বলেন, মানুষ শুরু থেকে একক পরিবারে বসবাস করছে।

ক. Polyandry পলিয়ান্ড্রি শব্দের অর্থ কী? ১
খ. পিতৃসূত্রীয় পরিবার বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে পরিবারের উৎপত্তি সম্পর্কিত তত্ত্বটি আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকে পরিবারের উৎপত্তির তত্ত্বটি সমালোচনা কর। ৪

## ১৬. পটুয়াখালী সরকারি মহিলা কলেজ

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট **সমাজবিজ্ঞান প্রথম পত্র** পূর্ণমান — ৭০

**১.▶** জয়রামপুর ঢাকার অদূরে অবস্থিত ছোট একটি মফস্বল শহর। কতিপয় শিল্প উদ্যোক্তা এই মফস্বল শহরে গ্রামে শিল্প স্থাপন করলে দেশের নানা স্থান থেকে লোকজন কাজের জন্য ছুটে আসে। এদিকে গার্মেন্টস শিল্পকে কেন্দ্র করে আরও কিছু ভারী শিল্পকারখানা গড়ে ওঠে। অল্পদিনের মধ্যে মফস্বল শহরটি ঘনবসতিপূর্ণ শহরে পরিণত হয়। ফলে যানজট, পরিবেশ দূষণ, চুরি-ছিনতাই, সন্ত্রাসী প্রভৃতি কার্যক্রম এই শহরের সমাজকে দুর্বিষহ করে তুলেছে?

ক. সমাজবিজ্ঞানের জনক কে? ১

খ. সামাজিক জরিপ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে মফস্বল শহরটির বিকাশ সমাজবিজ্ঞানের কোন দিকটিকে নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উদ্দীপকটি সমাজবিজ্ঞানের পরিধির প্রতিনিধিত্ব করে'- উক্তিটির সত্যতা যাচাই কর। ৪

**২.▶** মিজান একজন এনজিও কর্মকর্তা। তিনি দরিদ্র জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন সংক্রান্ত গবেষণা কর্মে নিয়োজিত। তিনি তার গবেষণা কর্ম করতে গিয়ে বৈজ্ঞানিক পদ্ধতির ধারণা সম্পর্কে অবহিত হন। তিনি উপলব্ধি করেন সমাজবিজ্ঞানে ব্যবহৃত বিভিন্ন গবেষণা পদ্ধতির ধারণা ছাড়া সঠিক গবেষণা করা সম্ভব নয়।

ক. বৈজ্ঞানিক পদ্ধতি কী? ১

খ. বৈজ্ঞানিক পদ্ধতির দুটি বৈশিষ্ট্য উল্লেখ কর। ২

গ. বৈজ্ঞানিক পদ্ধতির স্তরসমূহ আলোচনা কর। ৩

ঘ. সমাজ গবেষণার কোন পদ্ধতি তুমি গ্রহণযোগ্য বলে মনে কর? তা মূল্যায়ন কর। ৪

**৩.▶** লুৎফুর স্যার ক্লাসে ছাত্র-ছাত্রীদের কার্ল মার্কস-এর অবদান সম্পর্কে ধারণা দেন। শ্রেণীসংগ্রাম তত্ত্ব, ঐতিহাসিক বস্তুবাদ, দ্বান্দ্বিক বস্তুবাদ, উদ্বৃত্ত মূল্যতত্ত্ব ও বিচ্ছিন্নতাবোধ কার্ল মার্কস-এর অবদান। পরের দিন ক্লাসে গিয়ে সমাজবিজ্ঞানের জনক অগাস্ট কোঁৎ সমাজবিজ্ঞানের কতটুকু অবদান রেখেছেন সে সম্পর্কেও ধারণা দেন।

ক. দৃষ্টবাদ কাকে বলে? ১

খ. উদ্বৃত্ত মূল্যতত্ত্ব বলতে কী বুঝায়? ২

গ. ঐতিহাসিক দ্বান্দ্বিক বস্তুবাদ আলোচনা কর। ৩

ঘ. এ যাবৎকালের ইতিহাস হল মানব শ্রেণী সংগ্রামের ইতিহাস- আলোচনা কর। ৪

**৪.▶** আকবর আলী খান গ্রামসমাজের প্রধান। তিনি গ্রামের মানুষদেরকে নৈতিকতা, আদর্শ, মূল্যবোধ, প্রথা সম্পর্কে ধারণা দিয়ে থাকেন। তিনি আরেকটি বিষয় তাগিদ দিয়ে থাকেন সেটি হলো গ্রামীণ যুব সমাজের ন্যায়-অন্যায় সমাজকে কীভাবে কলুষিতের হাত থেকে রক্ষা করে শৃঙ্খলার পথে এগিয়ে নিয়ে যাওয়া যায়?

ক. প্রথা কী? ১

খ. লোকাচার বলতে কী বোঝায়? ২

গ. সামাজিক নিয়ন্ত্রণের কারণসমূহ আলোচনা কর। ৩

ঘ. সমাজকে কীভাবে কলুষিতর হাত থেকে রক্ষা করা যায়? এ ব্যাপারে উদ্দীপকের আলোকে তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

**৫.▶** পায়েলদের বাড়ি সিলেটে। পায়েলের মায়ের কথামতো পরিবার চলে এবং মেয়েরা পারিবারিক সম্পত্তির উত্তরাধিকারী হয়। পরিবারের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত পায়েলের মা বয়োজ্যেষ্ঠ মহিলাদের সাথে আলাপ-আলোচনা করে গ্রহণ করে থাকে। পর্যায়ক্রমে পায়েলও তার মায়ের ভূমিকায় অবতীর্ণ হয়।

ক. নয়াবাস পরিবার কাকে বলে? ১

খ. পরিবারকে সামাজিকতা শিক্ষার কেন্দ্রস্থল বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে কিভাবে মাতৃতান্ত্রিক পরিবারের বৈশিষ্ট্যকে প্রকাশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. পরিবার কাঠামোর ভিত্তিতে পায়েলের মায়ের সিদ্ধান্ত গ্রহণ ক্ষমতাকে তুমি যৌক্তিক মনে কর কি? বিশ্লেষণ কর। ৪

**৬.▶** ফারহানা শহরের মেয়ে। শহর থেকে প্রায়ই দাদার বাড়ি গ্রামে বেড়াতে আসে। গ্রামবাংলার মেঠোপথ, গাছপালা, পশুপাখি দেখে সে বড় আনন্দ পায় এবং গ্রামবাংলার পরিবেশ দেখে সে আরও মুগ্ধ হয়। এছাড়া গ্রামের ভৌগোলিক পরিবেশ মানবজীবনের ওপর কী ধরনের প্রভাব বিস্তার করে তাও সে উপলব্ধি করতে পারবে।

ক. ভৌগোলিক পরিবেশ কী? ১

খ. সমাজজীবনের বিভিন্ন উপাদানসমূহ কী তা নির্ণয় কর। ২

গ. সমাজজীবন কীভাবে ভৌগোলিক উপাদান দ্বারা প্রভাবিত হয়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপক থেকে ফারহানা উপলব্ধি করতে পেরেছিল যে, সমাজজীবনের ওপর ভৌগোলিক উপাদানের প্রভাব রয়েছে। তুমি কি একমত? তোমার মতামত বিশ্লেষণ কর। ৪

**৭.▶** তিন বছরের রুচি গুটি গুটি পায়ে গোটা বাড়ি হেঁটে বেড়ায়। মাকে অফিসে যেতে দেখে সেও একটা ব্যাগ কাঁধে ঝুলিয়ে অফিসে যাওয়ার ভান করে। এ বয়সেই সে মায়ের জুতা পরে, শাড়ি পরে গামছা দিয়ে আর ঠোঁটে লিপস্টিক পরে। আর এভাবেই তার খেলা চলে সারাদিন।

ক. সামাজিকীকরণ প্রক্রিয়া কাকে বলে? ১

খ. শিক্ষাকে মানব আচরণের অপেক্ষাকৃত স্থায়ী পরিবর্তন বলা হয় কেন? ২

গ. রুচির আচরণের মাধ্যমে সামাজিকীকরণের কোন প্রক্রিয়াটির বহিঃপ্রকাশ ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রুচির মত অন্যান্য শিশুরাও একই প্রক্রিয়ায় সামাজিকীকরণ প্রক্রিয়া অংশ নেয়- মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

**৮.▶** দরিদ্র পরিবারের মেয়ে সাহেলা ঢাকার এক বিশিষ্ট শিল্পপতির বাসায় গৃহপরিচারিকার কাজ করে। কাজের বিনিময়ে সাহেলা থাকা-খাওয়াসহ প্রতিমাসে দুই হাজার টাকা পায়। গৃহকর্তা তার সাথে ভাল ব্যবহার করলেও গৃহকর্ত্রী প্রায়ই তার সাথে খারাপ ব্যবহার করে এবং সামান্যতেই গায়ে পর্যন্ত হাত তোলে।

ক. শ্রেণী কী? ১

খ. সামাজিক অসমতা বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে সামাজিক স্তরবিন্যাসের কোন ব্যবস্থার চিত্র ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকটি যেন অসম সামাজিক সম্পর্কে পরিচয় বহন করে— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

**৯.▶** রাজধানীর খিলগাঁওয়ে এনজিও কর্মী আমিনকে পিটিয়ে হত্যা করেছে প্রতিবেশী রাজিব। দীর্ঘদিন ধরে আমিন আর রাজিবের মধ্যে জায়গা-জমি নিয়ে দ্বন্দ্ব চলছিল। দ্বন্দ্বের এক পর্যায়ে রাজিব আমিনকে মেরে ফেলার হুমকি দেয়। পরে পশ্চিম নন্দীপাড়ায়, একতা সংঘের সামনে আমিনকে একা পেয়ে ধরে নিয়ে রাজিব অনেক মারধর করে। এক পর্যায়ে আমিন মারা যায়।

ক. ধর্ম কাকে বলে? ১

খ. আত্মার ধারণাকে সর্বপ্রাণবাদের মূল কথা বলা হয় কেন? ২

গ. উদ্দীপকে উদ্ধত আচরণের মাধ্যমে কিসের অবক্ষয় ঘটেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. রাজিবের এ ধরনের আচরণ সমাজকে কীভাবে প্রভাবিত করছে বলে তুমি মনে কর? মতামত দাও। ৪

**১০.▶** পারভীন আক্তার সমাজবিজ্ঞানের শিক্ষিকা। তিনি সমাজবিজ্ঞান ক্লাসে গিয়ে ছাত্রদের সামাজিক পরিবর্তন কীভাবে সাধিত হচ্ছে তা নিয়ে কথা বলেন। প্রথমে তিনি বলেন, সমাজ সদা পরিবর্তনশীল। আর এই পরিবর্তন বিভিন্ন কারণে সংঘটিত হয়। এছাড়া তিনি সামাজিক পরিবর্তন সম্পর্কিত মতবাদ নিয়ে আলোচনা করেন। সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে কার্ল মার্কস ও প্যারেটো কতটুকু অবদান রেখেছে সে সম্পর্কেও ধারণা দেন।

ক. সামাজিক পরিবর্তন কী? ১

খ. সামাজিক পরিবর্তনের উপাদানগুলোর নাম লিখ। ২

গ. সামাজিক পরিবর্তনের ক্ষেত্রে কার্ল মার্কস কী ধরনের অবদানের কথা বলেছেন? তা মূল্যায়ন কর। ৩

ঘ. সামাজিক পরিবর্তনে প্যারেটোর তত্ত্বটি বিশ্লেষণ কর। ৪

## ১৯. ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজ, ঢাকা

বিষয় কোড: ১ ১ ৭

সমাজবিজ্ঞান প্রথম পত্র

সময় — ৩০ মিনিট | পূর্ণমান — ৩০

১. আমাদের দেশে কখন সমাজবিজ্ঞান চর্চার দ্বার উন্মুক্ত হয়?
(ক) ১৯২৭ সাল (খ) ১৯৩৭ সাল
(গ) ১৯৪৭ সাল (ঘ) ১৯৫৭ সাল

২. অধ্যয়ন পদ্ধতির দিক থেকে সমাজবিজ্ঞান সমাজকে কীভাবে বিশ্লেষণ করে?
(ক) কাল্পনিক ভিত্তিতে (খ) আদর্শ ভিত্তিতে
(গ) বিজ্ঞান ভিত্তিতে (ঘ) অবরোহ পদ্ধতিতে

৩. সমাজের কত অংশ সমাজবিজ্ঞানের পরিধিভুক্ত?
(ক) পূর্ণ অংশ (খ) এক-তৃতীয়াংশ
(গ) দুই-তৃতীয়াংশ (ঘ) অর্ধেক

৪. ভবিষ্যতে পরিবারের বিলুপ্তি হবে কিনা তার দার্শনিক আলোচনা করে থাকে কোন সমাজবিজ্ঞান?
(ক) সামাজিক সমাজবিজ্ঞান
(খ) সামাজিক মনোবিজ্ঞান
(গ) পরিবার সমাজবিজ্ঞান
(ঘ) পরিবেশ সমাজবিজ্ঞান

**নিচের উদ্দীপকটি পড়ে ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও**

ক্লাসে তোমাকে সমাজবিজ্ঞানের সংজ্ঞা বলতে বলায় তুমি বললে 'সমাজবিজ্ঞান হলো সামাজিক আচরণ এবং মানবসমাজের বিজ্ঞানভিত্তিক অধ্যয়ন।'

৫. তোমার দেওয়া সংজ্ঞাটি কোন সমাজবিজ্ঞানীর সংজ্ঞার অনুরূপ?
(ক) রবার্টসন
(খ) আর.টি. শেফার
(গ) ডব্লিউ পি. স্কট
(ঘ) নেইল জে স্মেলসার

৬. উক্ত সংজ্ঞাটিতে যে সকল প্রত্যয়ের প্রতি গুরুত্ব দেওয়া হয়েছে তা হলো—
i. সামাজিক আচরণ
ii. সামাজিক সম্পর্ক
iii. মানব সমাজের বিজ্ঞানভিত্তিক অধ্যয়ন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৭. নীচের কোন মনীষী সমাজচিন্তা, দর্শন ও তত্ত্বের জন্য বিখ্যাত হয়ে আছেন?
(ক) র‍্যামন্ড অ্যারন (খ) হ্যারল্ড লাস্কি
(গ) হার্বার্ট স্পেন্সার (ঘ) ওয়াল্টার বেনজামিন

৮. সমাজবিজ্ঞানের পরিধি অত্যন্ত ব্যাপক কেন?
(ক) সমাজের সবকিছু নিয়ে আলোচনা করে বলে
(খ) সমাজের আংশিক বিষয় নিয়ে আলোচনা করে বলে
(গ) সমাজের বিশেষ বিশেষ দিক নিয়ে আলোচনা করে
(ঘ) সামাজিক রীতিনীতি নিয়ে আলোচনা করে

৯. অষ্টাদশ শতাব্দীতে কোথায় শিল্পবিপ্লব ঘটে?
(ক) জার্মানিতে (খ) ইটালীতে
(গ) ইংল্যান্ডে (ঘ) ফ্রান্সে

১০. যে সব কারণে সমাজবিজ্ঞান পাঠ করা একান্ত আবশ্যক—
i. সমাজ সম্পর্কে জানার জন্য
ii. সমাজের প্রয়োজনীয়তা সম্পর্কে জানার জন্য
iii. মানবসভ্যতার প্রয়োজনীয় সম্পর্কে জ্ঞান অর্জনের জন্য।
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. কখন সমাজবিজ্ঞান একটি স্বতন্ত্র বিজ্ঞান হিসাবে আত্ম প্রকাশ করে?
(ক) ষোড়শ শতাব্দীর মাঝামাঝি
(খ) অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি
(গ) সপ্তদশ শতাব্দীর মাঝামাঝি
(ঘ) ঊনবিংশ শতাব্দীর মাঝামাঝি।

১২. সমাজবিজ্ঞান যে ধরনের বিজ্ঞান—
i. ব্যাখ্যামূলক
ii. ইতিহাসভিত্তিক
iii. বস্তুনিষ্ঠ ও বর্ণনাত্মক
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩. কোনটি নৃবিজ্ঞানের কেন্দ্রীয় বিষয়?
(ক) মানুষ (খ) প্রাণী
(গ) সমাজ (ঘ) সংস্কৃতি

১৪. তুমি সমাজবিজ্ঞানের ছাত্র। সংবিধান সম্পর্কে জানতে হলে তোমার কোনটি অধ্যয়ন করা প্রয়োজন?
(ক) অর্থনীতি (খ) রাষ্ট্রবিজ্ঞান
(গ) নীতিশাস্ত্র (ঘ) ভূগোল

১৫. মানুষ রাজনৈতিক জীব কিন্তু কিভাবে ও কেন এর ব্যাখ্যা দিয়ে থাকে কোন শাস্ত্র?
(ক) সমাজকল্যাণ (খ) রাজনৈতিক নৃবিজ্ঞান
(গ) সমাজবিজ্ঞান (ঘ) অর্থনীতি

১৬. পরীক্ষণ পদ্ধতি কয় প্রকার?
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

১৭. বিজ্ঞানের সুশৃঙ্খল জ্ঞান কীসের দ্বারা নির্মিত?
(ক) সামাজিক চাহিদা (খ) নৈতিকতা
(গ) যুক্তি (ঘ) মূল্যবোধ


১৮. গবেষণার উপাদান গুলি প্রাকৃতিক বিজ্ঞানে কীরূপ আচরণ প্রকাশ করে?
(ক) গবেষকের সম্পূর্ণ নিয়ন্ত্রণে থাকে
(খ) গবেষকের নিয়ন্ত্রের বাইরে থাকে
(গ) স্বয়ংক্রিয় ভূমিকা পালন করে
(ঘ) পরীক্ষাপাত্রের প্রকৃতির উপর নির্ভরশীল

১৯. নিরত পরিবর্তনশীল এবং বিমূর্ত বিষয় কোনটি?
(ক) জীব (খ) রাষ্ট্র
(গ) সমাজ (ঘ) মানুষ

২০. সমাজবিজ্ঞানের যে কোন আলোচনা, গবেষণা, ব্যাখ্যা, বিশ্লেষণ কেমন হওয়া যুক্তিসঙ্গত?
(ক) বস্তুনিষ্ঠ (খ) নিরপেক্ষ
(গ) বিজ্ঞানসম্মত (ঘ) প্রত্যয়ভিত্তিক

২১. 'Method of case study' পদ্ধতি প্রথম কে প্রয়োগ করেন?
(ক) ইবনে খালদুন (খ) ফ্রেডারিক লা প্লে
(গ) ম্যাক্স ওয়েবার (ঘ) কার্ল মার্কস

**নিচের উদ্দীপকটি পড়ে ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও**




২২. বৃত্তের (?) স্থানে সমাজবিজ্ঞানের ব্যবহৃত কোন পদ্ধতি কথা বলা হয়েছে?
(ক) ঐতিহাসিক (খ) পরীক্ষণ
(গ) পরিসংখ্যান (ঘ) ঘটনা অনুধ্যান

২৩. উক্ত পদ্ধতির মাধ্যমে সামাজিক জীবনের যে সব বিষয় সম্পর্কে ধারণা পাওয়া যায়—
i. গতি-প্রকৃতি
ii. উৎপত্তি
iii. পরিবর্তন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪. সমাজবিজ্ঞানের পথিকৃৎ বলা হয় কোন দার্শনিককে?
(ক) এমিল ডুর্খেইমকে
(খ) কার্ল মার্কসকে
(গ) ইবনে খালদুনকে
(ঘ) ম্যাক্স ওয়েবারকে।

২৫. বিভিন্ন জাতি ও সভ্যতার উত্থান-পতনের স্বরূপ ধরা পড়ে কীভাবে?
(ক) ঐতিহাসিকদের গবেষণায়
(খ) সংস্কৃতির মাধ্যমে
(গ) ইতিহাসের ধারায়
(ঘ) সমাজবিজ্ঞানীদের গবেষণায়

২৬. 'আল-উমরান' অর্থ কী?
(ক) সংস্কৃতি বিজ্ঞান
(খ) রাষ্ট্রীয় বিজ্ঞান
(গ) সমাজবিজ্ঞান
(ঘ) ইতিহাস

২৭. দ্বন্দ্ব বা কলহ রাষ্ট্রের—
i. ক্ষমতা দুর্নীতি গ্রস্থ করে
ii. ক্ষমতা দুর্বল করে
iii. রাষ্ট্রের পতনকে ত্বরান্বিত করে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৮. ইবনে খালদুনের বিখ্যাত ইতিহাস গ্রন্থের নাম কী?
(ক) আল-মুকাদ্দিমা
(খ) আল-আকবর
(গ) আল-কিসাম
(ঘ) আল আইয়াম

২৯. অগাস্ট কোঁৎ কোথায় জন্মগ্রহণ করেন?
(ক) ওয়াশিংটনে (খ) লন্ডন
(গ) মন্টিপেলিয়ারে (ঘ) প্যারিসে

৩০. স্পেন্সারের চিন্তার কেন্দ্রীয় বিষয়বস্তু কী ছিল?
(ক) আসাবিয়াহ
(খ) বিবর্তনবাদ
(গ) ধর্মীয় অনুভূতি
(ঘ) দৃষ্টবাদ

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ঘ | ২ | গ | ৩ | ক | ৪ | গ | ৫ | গ | ৬ | ঘ | ৭ | গ | ৮ | ক | ৯ | গ | ১০ | ঘ | ১১ | খ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | গ |
| ১৬ | ক | ১৭ | গ | ১৮ | ক | ১৯ | গ | ২০ | ক | ২১ | খ | ২২ | ক | ২৩ | ঘ | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | খ |

## ২০. পৌর মহিলা মহাবিদ্যালয়, কিশোরগঞ্জ

বিষয় কোড: | ১ | ১ | ৭ |

### সমাজবিজ্ঞান প্রথম পত্র

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

১. সামাজিক বিষয়াদি অধ্যয়নে ভারস্টেহেন পদ্ধতির কথা কে বলেছেন?
ক) ম্যাক্স ওয়েবার খ) স্পেন্সার
গ) মার্কস ঘ) রুশো

২. মানব মনে বিদ্যমান ইড, ইগো এবং সুপার ইগোর প্রভাব ও ঘাত প্রতিঘাতে ব্যক্তিত্ব গড়ে ওঠে-মতটি কার?
ক) মার্কস-এর খ) ডারউইন-এর
গ) মর্গান-এর ঘ) ফ্রয়েড-এর

৩. গবেষণায় সংগৃহীত তথ্যকে বিশেষ নিয়মে সাজানোকে কী বলে?
ক) তথ্য সংগ্রহ
খ) পর্যবেক্ষণ
গ) তথ্যের শ্রেণিবিন্যাস
ঘ) তথ্যের সত্যতা যাচাই

৪. 'জীবনযুদ্ধে যারা যোগ্য তারাই টিকে থাকে, অযোগ্যরা বিলুপ্ত হয়ে যায়' উক্তিটি কার?
ক) অগাস্ট কোঁৎ-এর
খ) কার্ল মার্কস-এর
গ) চার্লস লর্ড-এর
ঘ) ডারউইন-এর

৫. লুইস হেনরি মর্গান এর যুগান্তকারী গ্রন্থের নাম কী?
ক) Positive Philosophy
খ) The Prince
গ) Ancient Society
ঘ) The Republic

৬. 'আল-উমরান' শব্দের অর্থ কী?
ক) ইতিহাস খ) সংস্কৃতিবিজ্ঞান
গ) রাষ্ট্রীয় বিজ্ঞান ঘ) সমাজবিজ্ঞান

৭. সমাজ হচ্ছে সামাজিক সম্পর্কের জাল বিশেষ যা সতত পরিবর্তনশীল- উক্তিটি কার?
ক) শেফার-এর খ) পোপেনো-এর
গ) মার্কস-এর ঘ) ম্যাকাইভার-এর

৮. ভালো-মন্দ, ঠিক-বেঠিক, কাঙ্ক্ষিত-অনাকাঙ্ক্ষিত বিষয় সম্পর্কে সমাজের সদস্যদের যে ধারণা তার নামই-
ক) আদর্শ খ) নীতি
গ) প্রথা ঘ) মূল্যবোধ

৯. নৃগোষ্ঠীসমূহের বিভিন্নতার জন্যে কোন উপাদানটি বিশেষভাবে দায়ী?
ক) সাংস্কৃতিক উপাদান
খ) সামাজিক উপাদান
গ) ভৌগোলিক উপাদান
ঘ) জৈবিক উপাদান

১০. বাংলাদেশের সিলেট অঞ্চলে অধিক পরিমাণ চায়ের চাষ হওয়ার প্রধান কারণ কোনটি?
ক) গ্রীষ্মপ্রধান অঞ্চল হওয়া
খ) শীতপ্রধান অঞ্চল হওয়া
গ) প্রচুর পরিমাণ বৃষ্টিপাত হওয়া
ঘ) পাহাড়িয়া অঞ্চল হওয়া

১১. সমাজ ও সভ্যতার বিকাশ ত্বরান্বিত হওয়ার মূল কারণ কী?
ক) শিক্ষার মান বৃদ্ধি পাওয়া
খ) উৎপাদন কৌশলে পরিবর্তন আসা
গ) বৈজ্ঞানিক আবিষ্কার
ঘ) রোগ-ব্যাধি নিরাময়ের জন্য

১২. বাংলাদেশে কোন উপজাতিদের মধ্যে মাতৃপ্রধান পরিবারের বৈশিষ্ট্য লক্ষ করা যায়?
ক) গারো খ) সাঁওতাল
গ) খাসিয়া ঘ) চাকমা

১৩. একজন পুরুষের সাথে একাধিক স্ত্রী লোকের বিয়ের ভিত্তিতে গঠিত পরিবারকে কী বলে?
ক) এক বিবাহভিত্তিক পরিবার
খ) বহু স্ত্রী বিবাহভিত্তিক পরিবার
গ) বহু স্বামী বিবাহভিত্তিক পরিবার
